

শরৎচক্র চট্টোপাধ্যায় প্রণীত

সর্বজন পরিচিত কাহিনী হইতে

শ্রীদেবনারায়ণ গুপু

কর্তক নাটকাকারে রূপান্ত

চতুর্থ সংস্করণ।

গুরুদাস চট্টোপাধ্যায় এণ্ড স্ক্ ২০৬->-> কর্ণওয়ানিদ শ্রীট ··· কনিকাডা -৬

এক টাকা আট আনা

শরংচন্দ্রের-

স্থোগ্য বংশধর

গ্রীঅমল চট্টোপাণ্যায়

প্রীতিভাজনের

নানা বাধা-বিদ্নের মধ্যে 'নিছতি' মঞ্চ্ছ হয়েছে। রঙ্মহলের প্রীতিভাজন নট্ শ্রীভান্থ চট্টোপাধ্যায় এবং শ্রীদেবেন বন্দ্যোপাধ্যায় এর মূলে যে আন্তরিকভার পরিচয় দিয়েছেন—তা অবিশ্বরণীয়। বন্ধীয় প্রগজি চলচ্চিত্র নাট্যাঙ্গ ১৯৫১ সালের শ্রেষ্ঠ মঞ্চ-কৃতিত্ব বলে 'নিছতি'কে অভিনন্দিত করেছেন। এ অভিনন্দনের মূলে স্বনামধন্য কীর্তিমান নট্ শ্রীজহর গাঙ্গুলী, বর্তমান রক্ষমঞ্চের শ্রেষ্ঠ অভিনেত্রী শ্রীমতী প্রভা এবং সক্ষজনম্বেহধন্যা শ্রীমতী রাণীবালার কৃতিত্ব সর্কাধিক। এই নাটকের। সঙ্গে, এঁদের যোগাযোগ অবিচ্ছেন্ত। ইতি—

১৯ই জামুয়ারী) বিনীও ১৯৫৯ } **দেবনারায়-। শুগু**

প্রথম রজনীর অভিনেতা ও অভিনেত্রীরন্দ

७ छ-উদ্বোধন ১৫ই সাখিন ১৩৫৮, २ রা অক্টোবর, মঙ্গলবার ইং ১৯৫১

গিরীশ	•••	শ্রীজহর গাঙ্গুলী
হরিশ	•••	শ্ৰীভান্থ চট্টোপাধ্যায়
বেহারী	•••	শ্রীহরিধন ম্থোপাধ্যায় (এা:)
রুমেশ	••	শ্রীষবনী মজুমদার
হরদাল	•••	श्रीतरवन वर्गनाञ्चि
, গণেশ	****	শ্ৰীউমা দাস
मनी क	•••	শ্রীপুলিন মিত্র
হরিচরণ	•	মাঃ রূপকুমার পরে মাঃ লিটন
অতুল	•••	মা: হুখেন দাদ
কানাই		মাং চপল কুমার
· বিপিনী	•••	মা: শতাব্ৰত
শুটল	•••	শাঃ স্বত
সি দ্ধেশ্ব রী	***	শ্ৰীমতী প্ৰভা দেবী
নয়নতারা	•••	সর্বজনম্বেহধকা রাণীবালা
		পরে শ্রীমতী অঞ্চলী রায়
লৈলজা	•••	শ্ৰীমতী ঝণা দেবী
नौना	• • •	শ্ৰীমতী শেফালী নত্ত
		পরে শ্রীমতী গীতা দেবী

	`	,	
স্থাধিকারী	•••	শ্ৰীপীতানাথ মুখোপাধাাত	
কাহিনী	***	৺শরৎচন্দ্র চট্টোপাধ্যায়	
নাট্যরূপ		শ্রীদেবনারায়ণ গুপ	
হ্ব-স্ট		শ্রীত্গা দেন	
মঞ্-শিল্পী		শ্রীবৈখনাথ বন্দ্যোপাধ্যায়	
যন্ত্রীসূত্র		শ্রীস্থাধ মল্লিক (ছিছ), শ্রীশর-	
		দিন্দু ঘোষ, শ্রীকালীপদ সরকার,	
		শ্রীবিশ্বনাথ কুণু, শ্রীক্ষীরোদ	
		গাৰুলী, শ্ৰীকানাই দাস,	
		শ্রীবংশীধর রায়।	
শারক	•••	শ্রীবিমল ঘোষ, শ্রীসত্য সরকার	
লিপিকার	• • •	গ্রীশচীক্রচক্র দাশগুপ্ত	
স্জ্যাকর		শ্রীনূপেন রায়, শ্রীবিভৃতি দাস,	
		শ্রীপঞ্কানন নাডিরা, মহবুব	
আলোকশিল্পী	•••	শ্রীখ্যামস্থলর কর, শ্রীঅমিয়-	
		কুমার দত্ত, শ্রীশক্তিপদ ঘোষ,	
		শ্ৰীনন্দ্ৰাল দাস	
দৃত্য সংযোজনায়	•••	श्रीमगीक नाम, श्रीकामीयन माम,	
		শ্ৰীকানাইলাল দাস,শ্ৰীবাদল ঘোষ,	
		औरगोती क्त्मी, आवनानि रचाव	
খাহায্য সংগ্ৰাহক	•••	শ্ৰীশস্থনাথ বন্দ্যোপাধ্যায়	
মঞ্ব্যবস্থাপক	***	श्रीतरवन वानांकि	
ঐ সহ	•••	শ্ৰীনীবেন মিত্ৰ	
ব্যবস্থাপক	•••	क्रित्रवीक्षनाथ চট्টোপাধ্যায়	

পরিচয় পুরুষ

	•	
গিরীশ	•••	খ্যাতনামা উকিল ; কলিকাতা ভবানীপুরের সম্রান্ত ব্যক্তি
-হরিশ	•••	ঐ সহোদর, উকিল
রমেশ	•••	ঐ খুড়তুতো ভাই
মণীল্র হবিচরণ বিপিন		গিরীশের পুত্র
অতুল	•••	হরিশের পুত্র
কানাই		রমেশের পুত্র (প্রথমা পঞ্চীর)
পটৰ	•••	ঐ পুত্ৰ
হরলান	•••	গিরীশের পুরাতন ভূত্য
গণেশ চক্রবর্ত্তী	•••	গিরীশের গৃহ-সরকার
-বেহারী	•••	গ্রাম্য-ভিথারী

গিরীশের স্ত্রী
হরিশের স্ত্রী
বমেশের স্ত্রী
গিরীশের কন্থা

निञ्चि

প্রথম অন্ত

의의의 **각생**

সিদ্ধেশবীর শরন কক

ঘরটি,আসবাব গত্রে হৃগজ্ঞিত। সম্পূর্ণ আভিজাত্যের ছাপ রক্ষা করিভেছে। ছুইটা আটানতম গালক গাণাগালি পাতিয়া ভাষার উপর বিস্তার্থ পৰা গাতা হইয়াছে। এই প্রায়ের এক পার্বে অফ্রা সিন্ধেররী কোন রক্ষে ভাষার একটু আলগা করিয়া শুইলা আছেন। পালকের নীচে অর্থাৎ বেবের উপর কানাই একটি টেনিল ল্যাম্পের সমূবে বসিলা সোৎসাহে চীৎকার করিয়া স্থূপোল পড়িতেছে এবং বিশিন তত্যোধুক ভিৎকার করিয়া স্থাপাল পড়িতেছে এবং বিশিন তত্যোধুক ভিৎকার করিয়া কাই বৃক্ পড়িতেছে। বাটের উপর হরিচরণ মনোযোগের সহিত বহুলচন্দ্রের "আনক্ষর্ক্ত" পড়িতেছিল। পার্বে আর একথানি পাঠ্য প্রশুক বালিপের উপর খোলা অব্যায় পড়িলা আছিতে দেখা গেল। পটল লেপ মুড়ি দিরা সিন্ধেরনীর এক পাশে শুইলা আছে। ভাষাকে দেখা বাইতেছে লা। তথ্য সবেমাত্র সন্ধ্যা উরীর্ণ ইইলাছে। কানাই ও বিশিন বেরণ চীৎকার করিয়া পড়িতেছিল ভাষাতে সিন্ধেরণী কিছুমাত্র বিরক্ত লা হইয়া বরং চুপ করিয়া শুইলা ছিলেন।

একযোগে
পড়িতেছে
বিপিন। The Ram—রাম মানে ভেঁড়া—

পিরীশ প্রবেশ করিলেন

नित्री । कि ला! अ दिनाय दिमन चाह?

निष्क। ভागरे षाछि।

পিরীশ। ভাল যা আছ, তা বুঝতেই পারছি। কিন্তু ব্যাপার কি ? তোমার ঘরে বসে কানাই বিপিন এরা সোৎসাহে চিৎকার করে পড়াশোনা করছে যে ?

দিছে। বুঝতে পারছ না? ছোটবৌ যে বাড়ী নেই!

পিরীশ। বাড়ী নেই? সেকি! কোণায় গেলেন?

সিছে। পটলভাকায়। তার মাসির বাডী-

গিরীশ। কখন গিয়েছেন ?

मिटक। ज्ञूरत था खद्या-मा खद्रात शत्र।

পিরীণ। দেব দেবি, সেই ছপুরে গিয়েছেন, এখনো পর্যন্ত আসেন নি— মহা-ভাবনার কথা হোল দেখছি—

রিছে। বলে ঝকমারি করেছি। বলি, এতে ভাবনার কি আছে?
তোমার কত বাজে ভাবনা! মাদীর বাড়ী কতদিন পরে সে:
গেছে—তোমার জন্তে কি ছ-পাচ ঘণ্টা থাকতেও পারবে না।

গিরীশ। না না, থাকুন না তার জন্তে ত নয়—কিন্তু সন্ধ্যে উৎরে রাত্তি.
হয়ে গেল—সেই পটলভাদা থেকে ডবানীপুরে আসা—

দিছে। আদৰে ত ঘরের গাড়ীতে। হেঁটে ত আর আদৰে না। তাতে ভাবনার কি আছে ?

পিরীশ। তা তাঁকে আনবার জন্তে গাড়ী গেছে ত?

নিজে। দে বনে গেছে, আনবার সময় তার মানীর বাড়ীর গাড়ীতেই
ু আনবে।

গিরীশ। তিনি ছেলেমাস্থ বর্লেন বলে, তুমি অম্নি তাতে মত দিলে ? না না, এ ত ঠিক হয়নি। আমাদের ঘরের বৌ। আমাদেরই নিয়ে যাওয়া নিয়ে আসা উচিত। তা ছাড়া ঘরে ধখন গাড়ী বয়েছে— আমবা তাঁদের ওপর এ ভারটা চাপাতে যাই কেন ?

সিলে। (বিরক্ত-ভাবে) তা অত যদি সহীস কোচ্যানকে বলে দাও গাড়ী জুড়ে নিয়ে যাক।

গিরীশ। সেই ভাল। তাই বলে দিই-

প্রহানোত্ত

সিছে। এমন ব্যস্তবাগীশ মাহ্যবও দেখিনি! ছেলেমাহ্য হটো দিন ছে কোথাও সিয়ে থাকৰে ভারও উপায় নেই—১

গিরীশ। (ফিরিয়া) তা কি বলছ? গাড়ী কি তাহলে পাঠাব? না—না?

সিছে। না পাঠাতে হবে না। তার যথন স্থবিধে হবে সে আপনি আসবে। (ছেলেদের প্রতি)নে তোরা পড়—°

গিরীণ অনক্ষোপার ইইরা চলিরা গেলেন। ছেলেরা নোৎসাহে যথারীতি পড়িতে লাগিল। কিছুক্ষণ গড়ার পর, বিপিন সিংকারীর -মুংধর কাছে ঝুঁকিরা বলিল।

বিপিন। আৰু আমার ভানদিকে শোবার পালা না বড়ম।?
কানাই। না বিপিন, তুমি না, বড়মার ভান দিকে শোব আৰু আমি।
বিপিন। বা রে! তুমি ত কাল ভয়েছিলে সেক্লা?
কানাই। কাল ভয়েছিলুম? আচ্ছা, আচ্ছা, আছ তবে আমি বা
দিকে—

পটল। (লেপের মধ্য হইতে মাথা বাহির করিয়া বলিল) এঁ্যা! বাঁ দিকে বৈ কি! আমি ব'লে বড়মার বাঁ দিকে তরে রয়েছি এতক্ষণ— কানাই। বড়ভায়ের দক্ষে তর্ক ক'রো না বলে দিচ্ছি, মাকে ব'লে দেব।

পটল! (সিদ্ধেশ্বরীর গলা জড়াইয়া ধরিয়া কাঁদ কাঁদ স্ববে বলিল) তুমি
সেজদাকে বল না বড় মা, আমি কতক্ষণ ধরে শুয়ে আছি যে—
কানাই! (শাসনের স্বরে) ফেরু পটল!

ছেলেদের তর্কান্তর্কির মাঝে শৈলজা কথন যে দরজার কাছে ছুধের বাটা হাতে করিরা আসিয়া দাঁড়াইরাছেন, তাহা কেহ লক্ষ্য করে নাই, শৈলজা বিরক্তভাবে কছিলেন।

শৈলজা। ওরে বাবারে, বাবা—একে দিদির অন্থ ! তার ওপর সব বাঁড়ের মত চেচাঁচ্ছে দেখ না! ঘরে বেন ডাকাত পড়েছে!

শৈলজাকে দেখিয়া সঙ্গে সঙ্গে ঘরের অভ্তপূর্বে পরিবর্তন দেখা গেল—হরিচরণ 'আনন্দর্মঠ' বালিশের তলায় লুকাইরা রাখিয়া পাঠাপুত্তক পড়িতে লাগিল, কানাই টীংকার করিয়া 'বে বিস্তীর্ণ জমরাশি' ইত্যাদি ভূগোলের শন্তালি আওড়াইতে লাগিল। পটল ও বিশিন তয়ে জড়সড হইয়া লেপের মধ্যে মুখ লুকাইল। শৈলজা কহিলেন।

निनजा। धरत ध "विखीर् जनतानि" এएकन इ'क्टिन कि ?

কানাই। (সভয়ে) পড়ছিলাম---

শৈলজা। পড়ছিলে? পড়ছিলে না ঝগড়া করছিলে?

कानारे। (मञ्दा) जामि नग्र मा, विभिन जात भटेन।

শৈলজা! কোথায় গেল তারা ? কাউকে দেখছি না যে—এরা স্ব পালাল কোথা দিয়ে ?

কানাই। কেউ পালায় নি মা, ওরা সব ঐ লেপের ভেতর চুকেছে— শৈলজা। (হাসিয়া) দিদি ভোমাকে থেয়ে ফেল্লে বে! নির্কিবাদে চূপ-চাপ মড়ার মত কী ক'রে বে প'ড়ে থাক, তা তুমিই জান। হাত না হয় তোমার নাই উঠে, তাই বলে কী একবার ধম্কান্ডেও পার না? (বিপিন ও পটলের গা হইতে লেপ খুলিয়া লইয়া) ওরে—এইসর্ব ছেলেরা বেরো—চল আমার সঙ্গে—

সিজেশরী। ওরা যা কচ্ছে তা কচ্ছে, তা তুইই বা বিরক্ত হচ্ছিদ্ কেন? শৈলজা। বিরক্ত হ'বো না, একে রোগের জালা, তার ওপর এই ছেলে-দের চীৎকার—একি ভাল লাগে?

সিজেশরী। হাঁা আমার ভাল লাগে, ভোকে বক্তেও হবে না আর
মারধারও করতে হবে না—যা তুই এখান থেকে। লেপের ভেতর
ছেলেরা সব হাঁপিয়ে উঠেছে!

শৈলজা। (হাদিয়া)—আমি কী ওদের শুধু মানধোবই করি দিদি ?

দিক্ষেরী। করিদ বৈ কি শৈল, বড় করিদ; ভোকে দেখলে ওদের মুখ খেন কালীবর্ণ হয়ে যায়। আচ্ছা যা না বাপু ওদের স্থম্থ খেকে, ওরা বেকক।

শৈলজা। আমি ওদের নিয়ে তবে ধাব। অমন করে দিবারাত্রি জালাতন করুলে তোমার অস্তর্থ সারুবে না।

সিজেশরী। ছেলেপুলে কাছে খাক্লে অহুধ যদি না সার্গে, ত না সাক্ষক;
আমি অমন খালি বিচানায় শুতে পারি না।

শৈলকা। বেশ ত! খালি বিছানায় শুতে যদি ভোমার কট হয়, পটল স্বচেয়ে শাস্ত, সেই শুধু ভোমার কাছে শোবে, আর স্কলকে আজ থেকে আমার কাছে শুতে হবে। এখন তুমি ওঠো দেখি, এই ছুধটুকু খেয়ে নাও। (সহসা হরির প্রতি) হ্যাবে হরি ? সাড়ে ছটার সময় ভোর মাকে ওযুধ দিয়েছিলি ত ?

হরিচরণ। (আম্তা আম্তা করিয়া) ওব্ধ কই ! তা ত---শৈলভা। ব্রুতে পেরেছি; মনে ছিল না? সিজেখরী। ওব্ধ টোষ্ধ—আর আমি থেতে পারব না শৈল।
শৈলজা। (গভীর হইয়া) তোমাকে বলিনি দিদি, তৃমি চুপ কর।
আমি হরির কাছে জবাব চেয়েছি, কেন সে ওব্ধ দেয় নি—
হরি। (ভীতকঠে) মা থেতে চান না যে—
শৈলজা। তিনি থেতে চান রা না চান, তুই দিতে গিয়েছিলি কিনা
ভাই বৃশ্ ?

দিকেশ্বরী। (বিছানায় উঠিয়া বদিয়া) কেন তুই আবার এখন হান্ধামা কর্তে এলি বলত শৈল ? ওরে ও হরিচরণ! কী ওয়ুধ টোযুধ আমাকে দিবি দেনা বাবা শীগ গির ক'রে।

হরিচরণ থাট হইতে ব্যস্তভাবে নামিয়া উবধের গেলাস ও লিলি লইরা ছিপি পুলিতে গেল—শৈলজা বাধা দিরা কহিল।

শৈলজা। শুধু গেলাসে ওমুধ ঢেলে দিলেই হোল ? জল চাইনে ? মুখে দেবার কিছু চাইনে ? তোদের এক'শবার বারণ ক'রেছি না বে, ব্যাগার ঠেলা কাজ ভোরা কর্বি নে।

হরি। কোথাও কিছু নেই যে খুড়িমা, মূখে দেবার কী দেবো? শৈলজা। না আনলে, কিছু কী উড়ে আসবে?

- দিক্ষেরী। ও কোথায় কী পাবে যে দেবে ? এ দব কি পুরুষ মান্থবের কাজ ? তোর যত শাদন ওই ছেলেদের ওপর। কেন নীলাকে ওযুধটা দেওয়ার কথা বলে বেতে পারিদ্ নি ? দে মুধপোড়া মেয়ে, একবারও এ ঘর মাড়ায় না। চেয়ে দেখে না বে, মা মরেছে কি বেঁচে আছে।
- বৈলজা। তার ওপর তুমি ওধু ওধু রাগ করছ দিদি, সে কি বাড়ীতে ছিল ? সে আমার সঙ্গে পটলভাকায় আমার মাসিমার বাড়ীতে গিয়েছিল বে!

শিক্ষেম্বরী। তুই গেলি ভোর মাসীর বাড়ী, তা ওকে নিয়ে গেলি আবার কোন্ হিসেবে ?

শৈলজা। (হাসিয়া) ও আমার মাসীমার সতীন কিনা, তাই—

নিকেবরী। তোর হয়েচে একচোখো ভালবাসা।

रेननका। ७ कथा वरनाना मिनि, स्वरंग वाक वारन कान वचत्र वाफ़ी गांदर,

তথন কি আর পাঁচ জায়গায় যাওয়া-আসা কর্তে পার্বে ?

निष्कवती। दम हित्रहत्वन, अवृध हत्म दम, व्यामि व्यम्नि चार।

र्शतिष्ठत अर्थ गोनिए छेडड रहेन, रेननको योथी निम्नो बनिएनन ।

শৈলজা। তুই খাম্ হরি, আমি দিচ্ছি।

वरान

সিদ্ধেশরী। যা হরি, তুই শড় গে যা—
হরিচরণ। থৃড়িমা আগে আহ্ন, তোমার ওষ্ধ থাওয়া হোক্, তারপরে

যাচিচ।

नोलांत बाररन

नीना। এ दिना दियन व्याह या?

সিদ্ধেশরী। ভালই আছি। তোর সতীনকে দেখে এলি ?

নীলা। ইয়া। খুড়িমার মাসীমা এত আদর যত্ন করেন, যে ভোমায় কী ব'লব মা!

শৈলজার থাবেশ—ভাহার এক হাতে রেকারীতে কিছু
কাঁচা কল, অপর হাতে জলের গেলাস।

শৈলজা। সতীনের প্রশংসায় ত পঞ্মৃধ! এদিকে যে দিনির ওর্ধ

থাওরা হয়নি, সে খেয়াল আছে ?

শৈলকা শিশি খুলিয়া ওবুধ ঢালিয়া সিক্ষেবরীর হাতে দিলেন ।

শৈলজা। নাও, এ টুকু খেয়ে নাও।

সিছেবরী ওব্ধটুকু থাইলেন ও জল থাইরা একটুক্রা ফল মুথে দিলেন ইভিমধ্যে নরনতারা তার পূত্র অতুলকে লইরা ফরে প্রবেশ করিলেন। অতুল বার চৌদ্ধ বছরের বালক। সাহেবী পোবাকে সজ্জিত। গারে একটি নতুন কোট। নরনতারা অতুলকে সিছেবরীর সৃষ্ধে ধরিয়া গারের কোটাট দেখাইরা বলিলেন।

নয়ন। দিদি, দৰ্জ্জি অতুলের এই কোট্টা তৈরী ক'রে এনেছে—কুড়িটা টাকা দিতে হবে যে—

সিজেশরী। এই জামার দাম কুড়ি টাকা!

নয়ন। এ আর বেশী কী দিদি? আমরা যথন বিদেশে থাক্তাম, তথন , আমার অতুলের এক একটা স্থট্ করতে যাট-সত্তর টাকারও বেশী— লেগে যেত।

निष्क्रपत्री। (चार्क्य रहेश) छऐ!

নমন। হাা, স্কট্। ব্ৰতে পাবলে না, এই কোট, প্যাণ্ট, নেক্টাই, একে আমরা স্বট্ বলি।

সিদ্ধেশরী। ও! ুশৈল কুড়িটা টাকা মেজ বৌকে এনে দে তো? শৈলজা। দিচ্ছি

শৈললা ঘর হইতে বাহির হইরা গেল।

নয়ন : তুমি না পার চাবিটা আমাকেই দাও না, আমিই না হয় বার করে নিচ্চি।

নীলা। চাবি মা কোথায় পাবেন? লোহার সিন্দুকের চাবি বরাবর খুড়িমার কাছেই থাকে। তাই তো খুড়িমা চলে গেলেন, টাকা বের করে আনতে।

নীলার শ্রহান

नम्रन। ७: !

অতুল সিছেবরীর সন্মুখে আগাইরা গিরা—

অতুল। দেখত জেঠিমা কোট্টা কেমন হয়েছে ?

निष्क्रयत्री। थ्व जान रुराइ ।

অতুল। কোট কাটা ভয়ানক শক্ত। সব দক্ষি ভাল ভাবে কোট কাটতে পারেনা। এর সব চেয়ে মৃস্কিল্ হক্তে—হাতের সঙ্গে কাঁধটা মিলিয়ে জোড়া।

> ইতিমধ্যে শৈলজা বরে প্রবেশ করিলেন ও অতুলের হাতে তুথানি দশ টাকার নোট দিয়া কহিলেন।

रेननका। এই নাও অতুन।

অতুল টাকাটি হাতে লইল।

নমন। ছেলেটির ভোরক-ভরা পোধাক, তরু জামা ভৈরীতে আশ মেটে না।

অতুল। কত-বার বলব মা তোমায়, আঞ্চলাকার ফ্যাশানই এই রক্ম, কাট্-ছাট্ অস্ততঃ ভাল না হলে লোকে হাসবে যে—

অতুল চলিয়া বাইতে যাইতে ফিরিয়া হরিচরণকে লক্ষ্য করিয়া বলিল।

অতুল। আমাদের এই হরিদা যা গায়ে দিয়ে বাইরে যায়, দেখেতো আমার লজ্জাই করে। এখানে ঝুলে আছে, এখানে কুঁচ কে আছে, ছি: ছি:! কি বিচ্ছিরিই না দেখায়! হরিদা ঐ সব জামা গায় দিয়ে ষধন বেড়ার—দেখে মনে হয়, যেন একটা পাশবালিণ হেঁটে যাচ্ছে—

> জজুল কথা শেব করিয়া হাসিরা উঠিল। সেই সঙ্গে নরনতারাও হাসিরা উঠিলেন। হরিচরণ শৈলজার সুধের দিকে করণ নেত্রে চাহিল। সিজেবরী মনে বাখা পাইলেন।

সিদ্ধেশরী। সভ্যিই তো ওদের প্রাণে কি সাধ-আহলাদ থাকতে নেই শৈল! দে না বাছাদের হুটো একটা নতুন জামা তৈরী করিয়ে?

অতৃল। আমাকে টাকা দাও জ্যাঠাইমা, আমার দজ্জিকে দিয়ে দস্তর-মত তৈরী করে দেব, হু: হু: বাবা! আমাকে ফাঁকি দেবার যোনেই।

শৈলজা। তোমাকে আর জ্যাঠামো করতে হবেনা অতুল, তুমি তোমার নিজের চরকায় তেল দাও গে, ওদের জামা তৈরী করাবার লোক আছে। (অক্যাক্ত ছেলেদের প্রতি) চ---চ--থাবি চ। ছেলেদের প্রস্থান।

শৈল্ও বিরক্তভাবে প্রস্থানোক্ষাত।

নয়ন। দিদি ! ছোট বৌএর কথা শুন্লে? কেন? অতুল আমার কী অন্তায় কথা বলেছে?

শৈলভা থাইতে ঘাইতে ফিরিয়া কহিলেন।

শৈলজা। ছোট বৌয়ের কথা দিদি অনেক শুনেছেন, তুমিই শোননি।
অতুল ছোট তাই হয়ে, হরিকে যেমন করে ভেন্দালে তাতে তোমার
কোথায় বকা উচিত ছিল, তা নয়, তুমি হাসলে। ও যদি আমার
পেটের ছেলে হতো, ভাহলে আজ আমি ওকে জ্যান্ত পুঁতে ফেলতাম।
ধর্মান

অতৃল। অন্দে মা! অন্লে ? এঁঃ — জ্যান্ত পুঁতে ফেলতাম! অতুলের প্রহান

নয়ন। আৰু আমার অতুলের ৰুমবার আর ছোট বৌ ধা মুখে এলো . তাই বলে গালাগাল দিয়ে চলে গেল! এ বৰুম নিভিত্য থিটিমিটির মধ্যে আমরা তো থাকতে পারব না দিদি। তুমি নিজে কিছু না করে দিলে, আমাদেরই যা হোক্ একটা উপায় করে নিতে হবে। আমি কারো থাইও না পরিও না, যে মুখ বুঁজে ঝাঁটা খাব।

দিক্ষে। দেকি! ঝাটা মারবে কেন মেজ বৌ! ওর ঐ রহমই
কথা—। তাছাড়া ভোমাকে তো বলেনি—

নয়ন। আর কী করে বলে ? অতুলকে জ্যান্ত পুঁত তে চেয়েছিল।
আমি নাকি থিলথিল করে হেসেছি! শাক দিয়ে আর মাছ ঢেকনি
দিদি। আবার বাটা মারে কী করে ? ধরে মারেনি বলে ব্বি
তোমার মন উঠেনি ?

দিছে। ওকি কথা মেজবৌ ? আমি কী তাকে শিখিয়ে দিয়েছি ?
নয়ন। শিখিয়ে দিয়েছ কি না দিয়েছ তা তুমিই জান। কেউ কারো
মন জানতে যায়না দিদি, চোথে দেখে কানে শুনেই বলতে হয়।
এত কাল বিদেশে কাটিয়ে তুটি ভাই এক জায়গায় থাকতে পাবেন
বলে, উনি চলে এলেন। হুভায়ের এক জায়গায় থাকা তোমার যদি
পছন্দ না হয়, তোমার সংসারে এসে আমরা যদি আপদ বালাই হয়ে
থাকি; বেশ তো, সে কথা তুমি নিজে বল্লেই ত পার। আর
একজনকে লেলিয়ে দেওয়া কেন ?

সিছে। সেকি! আমি লেলিয়ে দিয়েছি?

নয়ন। আমরাও ঘাস থাইনে, সব বৃঝি। কিছ এমন করে না তাড়িয়ে—ছটো মিষ্টি কথায় বিদেয় করলে তো দেখতে ভনতে ভাল হয়। আর, আমরাও সমানে চলে বাই। উ:! উনি ভনলে একেবারে আকাশ থেকে পড়বেন! যাকে তাকে বলে বেড়ান—আমাদের বৌঠাক্কণ মাহুব নন, সাক্ষাং—ঠাকুর দেবতা।
সিছে। (কাঁদিয়া) এমন অপবাদ আমার শক্তও দিতে পারে না

মেজবৌ। এসব কথা ঠাকুরপোকে শুনানোর চাইতে আমার মরা ভাল। ভোমরা বিদেশ থেকে কতকাল পরে ফিরে এসেছে বলে, আমার যে কী আনন্দ হয়েছে—তা ভোমাকে কী বলব। যদি তৃমি বিশাস না কর, আমার ছেলেদের কাউকে না হয় আন, আমি তাদের মাথায় হাত দিয়ে—

কৰা শেষ হইবার পূর্বে শৈল ঘরে প্রবেশ করিরা কহিল।

শৈল। একি ! এখনও তুধটুকু খাওনি দিদি।

দিন্দে। (কাঁদিয়া) তুই বের হয়ে যা—আমার স্বম্থ থেকে। দ্ক হয়ে যা। তোর যা মুখে আদবে, তুই তাই লোককে বলবি ?

শৈল। বা: রে! কাকে আবার কী বলেছি?

দিদে। কাকে কী না বলছিস্ তাই তানি ? আমাকে বলে বলে তোর বুকের পাটা বড় বেড়ে গেছে ? না ? কে তোর কথার ধার ধারে রে ? স্বাইকে 'কী তুই দিদি পেয়েছিস্ ? দ্র হ—আমার স্ব্যুধ থেকে—

শৈল। আচ্ছা, আচ্ছা, আমি যাচ্ছি, তুগটা আগে থেয়ে নাও, এই বাটিটায়—আমার দরকার আছে।

সিন্ধে। থাব না, কিছু থাব না, তুই বা—আজ হয় তুই বাড়ী থেকে
দ্র হ—না শুষ আমি বাড়ী থেকে দ্র হই, হুটোর একটা না করে
আমি জল-স্পর্শ করব না।

শৈল। আমি তো এই সেদিন বাপের বাড়ী থেকে এসেছি দিদি, এখন আর বেতে পারবে: না। তার চেয়ে বরং তুমি তোমার বাপের বাড়ী কাটোয়ায় গিয়ে দিনকতক থাক। কাছেই গলা—অমনি বার ক্রে নিয়ে গেলেই হবে। আছো মেছদি, কৌ তুচ্ছ কথা নিয়ে ভোলপাড় কছে বলো ভো? রোগে ভূগে ভূগে দিদি আধমরা হয়েছেন, আমি ধদি কোন দোব করে থাকি, সে কথা দিদিকে না বলে আমাকে বললেই ভো হয়।

সিঙ্কে। তৃই লোককে যা তা বলবি, আর লোকে বলবে না? আৰু অতুলের জন্মদিন, কেন বাছাকে তুই অমন কথা বল্লি?

শৈল। বা: বে! কি আবার এমন বলেছি।

সিকে। বলিস্নি? জ্যান্ত পুঁতে ফেলতাম কেন বলি?

শৈল। (হাসিয়া) ও! এই কথা, কিছু ভয় কর না মেজানি, ভোমার
মত আমিও তো মা। আমার হরিচরণ, কাছ, পটল যেমন, অতুলও
ডেম্নি। মায়ের গালাগালি লাগে না মেজানি। আছো, আমি
অতুলকে ডেকে আলীর্কাদ করছি; তা হলে হবে তো? নাও দিনি,
তুমি ছধটুকু থেয়ে নাও—আমি আবার উন্নে কড়া চড়িয়ে এসেছি।
সিছে। আছো তুই আগে ভোর মেজানির কাছে মাপ্ চা—ঘাট্ মান,
তারপরে থাজি।

लिन। जाका मान्छ।

লৈল হেঁট হইয়া নয়নভারার পা ছুইয়া বলিল i

শৈল। আমি যদি কোন অন্তায় করে থাকি মেজদি, মাপ করে।, আমি
ঘাট্ মানছি।

নরনতারা গন্ধীরভাবে শৈলর হাত ছুইটি ধরিয়া তুলিল। কোন কথা কহিল না। শৈলজা ধীরে ধীরে সিজেধনীর নিকট আগাইরা আসিরা কহিল।

শৈল। সব গণ্ডগোল তো মিটে গেল; এবার ছুধটুকু খাও দিদি। শৈলভার গারে হাত বুলাইতে বুলাইতে সমেহে সিছেবরী কছিলেন।

निष्क। এ পাগ্ नीत कथात्र कान मिन तांग करता ना सम्बदी! अहे

আমাকেই দেখনা, ওকে বকি ঝকি, কত গালাগাল মন্দ করি, কিছ একদণ্ড ওকে দেখতে না পেলে, বুকের ভেতর যেন কী রকম করে! (শৈলর প্রতি) কিন্তু এত হুধ তো খেতে পারবো না দিদি। শৈল। খুব পারবে। খাও।

সিজেবরী হুধটুকু শেষ করিলেন ও পরে কহিলেন।

দিছে। তোর কথা রাখলাম কিন্তু এখুনি অতুলকে ডেকে আশীর্কাদ করিস্ শৈল।

শৈল। এক্লিকরছি।

এই বুলিয়া ছুখের বাটি লইরা শৈলর হাসিতে হাসিতে প্রস্থান :

বিভীয় দুশ্য

ছেলেদের পড়িবার ঘর

খরের মধাছলে একটা টেবিল পাঙা, টেবিলের চারণিকে চারণানি চেয়ার, টেবিলের: উপর দোয়াত কলম বই থাতা ইত্যাদি ছড়ান। ঘরে করেকটি মাত্র ছবি ক্যালেঙার ইত্যাদি। একটি র্যাকে করেকটি পাঠাপুস্তক। অতুল ও হরিচরণ চেয়ারে বসিয়াছিল। উভরকে দেখিরা মনে হয়, বিশেব চিন্তিত। অতুলের পরণে ফুল-প্যাণ্ট হাক-সার্ট। ইরিচরণের: পরণে আধ্ময়লা কাপড় লামা।

হরিচরণ। হাজার হোক ছোট খুড়িমা আমাদের গুরুজন, উনি যদি বকেই থাকেন, ভাতে কী আর আমাদের রাগ করতে আছে? অতুল। ও:! ভারি তো খুড়ি! ও কি আমাদের আপনার খুড়িনাকি?

হরি। উনি আমাদের আপনার খুড়িই তো।

অতৃল। তৃমি কিছু জান না হরিদা। ছোট কাকা হচ্ছে—বাবা জেঠা-মশায়ের খুড়তুতো ভাই। দয়া করে ওঁরা ওকে এ বাড়ীতে থাকতে দিয়েছেন তাই।

হরি। ছিঃ! ও সব কথা বলতে নেই অতুল।

অতৃল। না। বলবে না বৈকি ? আমি কারোধার ধারি না বাবা।

এ শর্মা অতৃলচন্দ্র রেগে গেলে ছোট খুড়ি টুড়ি কাউকে
কেয়ার করে না।

হরিচরণ চারিদিকে সম্বর্গণে চাহিরা বলিল।

হরি। অবশ্র বেগে গেলে আমিও করি না।

ইতিমধ্যে বাড়ীর পুরাতন ভূত্য হরলাল যমের মধ্যে প্রবেশ করিবন্ধ তাহার ছ্যান্তে, অভুরের নতুন কোটট বেখা গেল। সে কোটটি মুড়িরা লইরা আসিরাছিল। অভুলকে বিরা কহিল।

হরলাল। এই নাও, জামাটা গায়ে দাও। রাগ করে জামা গায়ে না দিয়েই চলে এসেছে? মেজবৌমা আবার আমায় দিয়ে পাঠিয়ে দিলেন। নাও পরে ফেল।

হরলালের নিকট হইতে কামাটা লইরা অতুল ক্রোধে ছুঁ ড়িরা কেলিয়া দিল।

- শ্বত্ল। যা! আমি পরতে চাই না। কোটটা আনার ছিরি দেখ না! পাড়াগাঁয়ের ভূত কোথাকার! কী করে জামা আনতে হয় জান না?
- হর। কী করে জানব বল, ও সব জামা কী কথনো গায়ে দিয়েছি?
 চিরদিন গায়ে গামছা দিয়েই কেটে গেল, ছোটমার কল্যাণে তব্
 এখন যা হোক একটা ফতুয়া উঠেছে।
- স্কৃল। (ভেঙাইয়া) এটা তোমার ফত্য়া নয়—কোট। ওর ইন্থিরি নষ্ট হয়ে গেলেই সব গেল।
- হর। তাই নাকি? তা এবেলা না হয় কোন রকমে গায়ে দাও। প্রবেলায় আমি আবার ইন্ডিরি করে এনে দেব।
- পত্ল। তোমাকে ইন্তিরিও করে এনে দিতে হবে না—আর আমি পরতেও চাই না।
- হর। উ: ! তুমি যে বড় ৰুড়া সাহেব দেখছি গো ! তবু যদি গায়ের রংটা কটা হড়ো।
- অতুল। (ধন্কাইয়া) চুপ্কর বুড়ো জানোয়ার কোথাকার! চাকর,
 . চাকরের মত থাকবি।

- रुति। हि, हि! चजून, रुतनानमार्क कि धनव कथा वनराज चारह? यो जनन त्रांग कदरवन रय।
- অতুল। রাগ করলেন তো বড়্বইয়েই গেল। তোমাদের সবই বিচ্ছিরী। বাড়ীর চাকরকে দাদা! বাজার সরকার ঐ গণেশ চক্রবর্তীকে জেঠামশাই এসব বলা আমার ধাতে সইবে না।
- হব। তা জানি ছোট সাহেব, তোমার ধাতটা একটু চড়া এবং কড়া।
 তাই জামাতেও তোমার কড়া ইন্তিরীর দরকার হয়। কিন্তু
 দেখ ছোট সাহেব, দবদিকে মান্জাটা অভ কড়া না দিয়ে, একটু
 নরম করার চেটা করো। নইদে কালর সঙ্গে মানিয়ে চলডে
 পারবে না। অভো কড়া মান্জার স্কোয় ঘূড়ি পড়লে যে সব
 কোঁচ কেঁচ করে কেটে যাবে—

वस्व

- অতুল। তোমরা চাকর বাকর রাধতে জান না হরিদা। তোমাদের আন্ধারাতেই তো ওদের এত আম্পর্কা হয়েছে। চাক্লর বাকরদের সঙ্গে সম্পর্ক পাতালে কি মান থাকে ?
- ড়ত্ল। না করলেন ভোবয়েই গেলো—আমার সলে বেকী চালাকী
 করতে এলে এবার দেব ছ'য়। বসিয়ে।

ইভিষণ্যে कानारे चरत्रत्र मध्य बारम कतित्रा करिल !

কানাই। মেজদা, সেজদা ছোট খুড়িমা ভাকছেন, চটুপট্ চলে এসো— হরি। ছোট খুড়িমা আমাকে ভাকছেন? কথনো না। আমি ভো কিছু করিনি! যাও অতুল, ছোট খুড়িমা বোধহয় ভোমাকেই ভাক্ছেন। কানাই। না, না, তোমাকে আর সেজদাকে—কুজনকেই ভাকছেন।
এক্ণি চলে এশে।

কানাই বর হইতে বাহির হইরা বাইবার সময় অতুলের কোটটা মাটতে পড়িয়া থাকিতে দেখিরা বলিল।

কানাই। এঁয়া সেঞ্জা তোমার নতুন কোটটা মাটিতে কেলে দিলে কে?

कानाई क्लांगेंग्ने क्लारबब शांजनब जेनब ब्राभिया यह श्हेराज गाहित श्हेपा राजा।

- হরি। চলো অতুল, ছোট খুড়িমা যথন ডেকেছেন তথন আর দেরী করে লাভ নেই। •তাঁর সঙ্গে দেখা করিগে যাই—চল। আমার আর ভর কী, আমি তো কিছু বলিনি, তুমিই বলেছো ছোট খুড়িমাকে কেয়ার কর না।
- অতৃন। আমি একা বলিনি, তৃমিও বলেছো। কিন্তু কথাটা তো বলেছি—আমরা ছঙ্গনে একটু আগে, এই ঘরে, তৃমি আর আমি ছাড়া তথন তো আর কেউ ছিল না। এর মধ্যে কথাটা তার কানে গিয়ে পৌছলো কী করে? ঐ ছোট খ্ডির চর হরলাল ব্যাটা পেছন থেকে কিছু শোনেনি ত?
- হরি। ছোট খুড়িমাকে কিছু শুনতেও হয় না, দেখতেও হয় না। উনি আপনিই ব্রুতে পারেন।
- অতুল। ও:! একেবারে ভগবান! বলেছি—বেশ করেছি।
 অতুল সগর্কে ঘর হইতে বাহির হইরা গেল। হরিচরণ সকরণ
 কেত্রে ভাহার অসুসরণ করিল।

ভূতীয় দুশ্য

বাড়ীর অন্দরমহল

পালাপাশি ছুথানি বর। একটি ভাঁড়ার ঘর, অপরটি রারাবর। ঘরের সংলগ্ন বারাকা সক্ত্বে প্রশক্ত উঠান। উঠানের একপাশে কল ও চৌবাচা। রারাব্যরের থোলা জানালা দিরা শৈলদাকে রারার কাজে ব্যক্ত দেখা গেল। নীলা রারাব্যের সংলগ্ন বারাকার বসিরা গান করিতেছে। তথন বেলা ১টা---১-টা 1

নীলার গান

প্রভু তোনার চরণ ধূলি
পড়বে ববে—
সেদিন তিমির-ভরা এই আজিনা
তীর্থ হবে।
তোমার আনার মালার আঁথি
রইবে চেরে—
ধক্ত হবে পরাণ আমার
তোমার পেরে এ
মোর নরনে তোমার জ্যোতি
উঠ্বে ফুটে কবে।
(সেদিন) নরন জলে ধুইরে চরণ

করব ভোষায় করব বরণ

ध्हेरब छवन,

কাখিতে মোর মিলিয়ে কাঁথি তুমি পরাণ কুড়ে রবে ॥

গান শেব হওয়ার সঙ্গে সংক্ষ সগর্বে অতুলকে প্রবেশ করিতে দেখা গেল।
সংক্ষ হরিচরণ। নীলাকে দেখিয়া অতুল জিজাসা করিল।

অতুল। ছোট খুড়ি কোথায় রে নীলাদি ?

নীলা। (রারাঘরের দিকে হাত বাড়াইয়া) ঐ যে রারা ঘরে।

রাল্লাখরের মধ্য হইতে শৈলদা নীলাকে জিজ্ঞানা করিলেন।

रेनन। (क त्र नीना?

नीना। भिक्ता जात्र ज्ञून!

ইতিমধ্যে অতুল জুতা পায়ে দিয়া রারাখরের দরজার নিকট গিয়া উপস্থিত হইল।
শৈলকা রায়াখরের দরজার নিকট আসিয়া কহিলেন।

रेनन। षज्न अरमिह्न ? माँ जा वावा।

হঠাৎ পায়ের দিকে নজর পড়িভেই শৈলজা কহিলেন।

रेनन। ও कि दा? जूटा भाष्र निष्य कि अनि क चारत ?

অতুল। কেন? জুতো পায় দিয়ে এলে কী হয়?

শৈল। এযে হেঁগেল। হেঁসেলে কী জুতো পায় দিয়ে ঢুকুতে আছে ?

অতুল। আমি তো ঘরের ভেতরে যাইনি, বাইরে আছি।

শৈল। বাইরে থাকলেও, এদিকে কেউ জ্ঞাে পরে আসে না।

অতৃল। কিন্ত এখানে জুতো পরে এলে কী দোব হয়, আমি জান্তে চাই—

পৈল। তর্ক করো না অত্ল, দোষ আছে, তুমি ওদিকে যাও। যাও—

ষতৃল। বারে ! আমরা তো চুঁচড়োর বাড়ীতে জুতো পরে রানা

খরে যেতুম। আর এখানে ঘরের বাইবে দাঁড়ালেও দোব!

শৈল। হাা! यथानकात्र या निष्ठम। या चलकि শোন।

व्यक्त। वामि धनव निषम मानि ना।

ইতিমধ্যে হরিচরণের বড় ভাই মণীক্র ভাষণ ভাষিত্রা বন্ধাক কলেবরে দেখান দিলা

চলিরা বাইভেছিল। অতুলের তর্কে দে ধনকিরা গাঁড়াইল এবং শৈলজাকে জিজ্ঞাদা করিল, শীলা তাহার হইরা উত্তর দিল।

मनीकः। की श्राह थुड़िमा?

নীলা। অতৃল জুতো পায় দিয়ে রামাঘরের ভেতর চুকতে বাচ্ছিল, ছোট খুড়িমা বাবণ করছেন বলে, তর্ক করছে—

ৰণীক্র। এই অতুল এদিকে আয়-

ष्यपुन। ना शांव ना। এशांत कुछा शद्य এल की इस की ?

ষণীক্র। যাই হোক্ না কেন, তোকে যখন বারণ করছেন, তুই চলে আয় না?

ष्प्रज्ञ। না আমি যাব না-

মণীক্র। (বিরক্তভাবে) যাবি নে?

আব্ৰুল। না। ছোট খুড়ি আমায় দেখতে পাৱে না বলেই ভায়ু ভায়ু এই রকম করছে।

ৰণীক্ত ছুটিয়া গিরা অতুলকে সজোরে একটি চপেটাঘাত করিল এবং কান ধরিয়া কছিল।

মণীক্র। হতভাগা বাঁদর ! ছোট খুড়ি নয়—ছোট খুড়িমা। করছে নয়—করছেন বলতে হয় ইতর কোথাকার !

> মণীক্র অতুলের কান ছাড়িরা দিবামাত্র অতুল করেকটি কিল্ মু'দি মণীক্রকে বলাইয়া কহিল।

অতৃন । তুমি ইতর ! আমার গায়ে হাত দেবার তুমি কে হে ? ছোট লোক শুয়ার ! গাধা !

> মণীক্র পুনরার কবিরা অভুসকে মারিতে বাইডেছিল, অভুল চীৎকার করিরা কহিল।

অতুল। ও গো! কে কোথায় আছ—শিগগীর এসো গুণ্ডাটা আমাকে মেরে ফেল্লে।

চেঁচামেচি ও গোলমাল শুনিয়া এক দিক হইতে সিদ্ধেশ্বী ও অপর দিক হইতে নমনতারা ছুটিয়া আসিলেন। নয়নতারা অতুলকে জড়াইয়া ধরিয়া চীৎকার করিবা বলিলেন।

নমন। ওরে! আমি কেন মরতে এথানে এসেছিলাম রে! আমার অতুলকে একেবারে মেরে ফেলেছে!

ষ্ঠুল। তুমি আমায় ছেড়ে দাও, ছেড়ে দাও মা, আমি ওই উল্লুককে জুতো পেটা করবো।

মণীক্র। কী ? জুতো পেটা করবি, যত বড় মুখ নয় তত বড় কথা, তবে রে—

भनीता अधिया मात्रिए वारेए हिन । देननका वाधा पित्रा करिन ।

শৈল। মণিকী হচ্ছে কী ? বাইরে যাও—যাও—যা হরি তুইও যা—
মণীক্র ও হরি চলিয়া গেল।

ইতিমধ্যে গিরীশ ও হরিল বাস্তভাবে রান্নাখরের সম্পুধে আসিরা উপস্থিত হবৈদেন। গিরীশ জিজ্ঞাসা করিলেন।

গিরীশ। কী গো! ব্যাপার কী? এত গোলমাল কিসের?

সিদ্ধে। কী জানি? মণি বৃঝি অতুলকে কে মেরেছে তাই—

নয়ন। (ভাশুরের সম্মুখে লঙ্জাহীনার স্থায় কাঁদিতে বাদিলে বিশলেন)

মেরেছে নয়, একেবারে মেরে ফেলেছে।

গিরীশ। না, না, না, এ ত ভাল কথা নয়, ভাইয়ে ভাইয়ে ঝগড়া—জা ছাড়া তোর চেয়ে ও বয়সে কত ছোট—ছি: ছি: ছি: !

গিরীশ ভাতৃ-বধ্দের সন্থ্ধ হইতে চলিরা গেলেন। অতুল কাঁদিতে কাঁদিতে শৈলজাকে
অঙ্গুলী নির্দেশে দেখাইরা বলিল।

- অভুল। ও বড়লাকে মারতে লিখিয়ে দিলে, আর বড়লা এলে তথু তথু আমাকে মারলে !
- হরিশ। (চীৎকার করিয়া) ছোট বৌমা! মণীকে তুমি কেন খুন করতে শিথিয়ে দিলে ভনি? কী ওর অপরাধ জানতে পারি কী? নীলা। অতুল কথা ভনেনি, আর বড়দাকে গালাগালি দিয়েছে—তাই।
- নয়ন। তবে আমিও বলি ছোট-বৌ—তোমার ছকুমে ওকে মেরে ফেল্ছিল, তাই ও প্রাণের দায়ে গাল দিয়েছে, নইলে গাল দেবার ছেলে আমার অতুল নয়—
- হবিশ। নয়ই তো! তোর ছোট খুড়িমাকে **জিজা**সা কর নীলা, কথা যথন ও না ওনেছিলো, তথন আমাদের কাছে নালিশ না করে উনি অতুলকে মারতে হকুম দিলেন কেন? আমরা উপস্থিত থাকতে উনি কে যে অতুলকে শাসন করতে যান?

निजना जात्ता थानिक है। त्यान्हे होनिया नकात्र माथा नक कतिया पाँ एवर बिरिया विकास

- হরিশ। আমি তোমাকে বারণ করে দিচ্ছি বোঁমা! ভবিশ্বতে এ রকম শাসন তুমি আমার ছেলেকে করতে যাবে না।
- সিদ্ধে। বেশ তো মেজঠাকুরপো, তাই যদি হয়, তবে তুমিই বা আমাদের
 কাছে নাগিশ না করে, নিজে কেন শাসন কর্ছ? আমি বড়—
 আমি যতকণ বেঁচে আছি, ঝি বৌকে শাসন করতে হয়—আমিই
 করবো। তুমি পুরুষ মাহ্য—ভাতর! একি কথা! লোকে তন্তে
 বলবে কী? যাও—যাও, বাইরে যাও।

দ্বিতীয় অঙ্ক

প্রথম দুশ্য

নয়নভারার শয়ন কক

খনের বধাছলে একটি থাট পাতা, একটি আলমারী। আলমারীর জিনিব-পত্তর মেজের নামানো, ঘরের মধ্যে গোটা ছই বেডিং বাঁধা, সাংসারিক অভান্ত আসবাবপত্ত ইতঃশুভ ছড়ানো রহিয়াছে। মোটকথা এক বাড়ী হইতে অপর বাড়ীতে উঠিয়া ঘাইবার সময় ঘর-দোরের বেরপে অবস্থা হইয়া থাকে, এথানেও তাহারই অস্ক্রপ হইয়াছে। নয়নতারাকে এইনব বাঁধার ছাঁদা কালে হয়লাল সাহায্য করিতেছিল। নয়নতারা হয়লালকে বলিলেন।

নয়ন। ওগুলো বেশ শক্ত করে বেঁধেছিস্ তো হরলাল?

হর। আজে হাঁ। মেজ-মা, খ্ব শক্ত করে বেঁধে দিয়েছি, বাঁধন শক্ত করে না দিলে বাঁ চলে ? বাঁধনই হচ্ছে আসল জিনিষ, বাঁধন শক্ত না হলে, সব হড়মুড় করে ভেকে পড়ে যাবে যে—

নয়ন। সে তো ঠিক কথা বাবা।

কতক্তলি খুচরা জিনিব-পত্তর দেখাইয়া নরনভারা কছিলেন।

नवन। এই श्वरंगाद की कदा याद वन रा ?

হর। ঝুড়ি আর কিছু দড়ি না হলে তো ওগুলো নেওয়ার স্ববিধা হবে না মেজ-মা। আচ্ছা, আমি বাজার থেকে আসবার সময় দড়ি আর ঝুড়ি নিয়ে আসবো'ধন।

नवन। आम्हा। তাহলে তোমার উপরেই ভার রইল বাবা।

হরলাল চলিরা গেল: অপর দিক বিরা সিজেবরী বরের মধ্যে প্রবেশ করিয়া কহিলেন। দিছে। এত গোছগাছ কিদের মেজ-বৌ।

নয়ন। দেখতেই তো পাচ্ছো?

সিকে। তাতোপাচ্ছি। কিন্তুকোপায় যাওয়াহবে?

নয়ন। বেখানে হোক।

সিকে। তবু কোথায় ভনি?

নয়ন। কী করে জানব দিদি কোথায়। উনি বাসা ঠিক কবতে গেছেন, ফিরে না এলে তো বলতে পারতি না।

সিন্ধে। তোমার ভাস্থর শুনেছেন?

নম্বন। তাঁকে ভনিয়ে আর কী হবে, যার শোনার দরকার সেই ছোটগিরী ভনেছেন ? আর আড়ালে দাঁড়িয়ে একবার দেখেও গেছেন।

সিদ্ধে। সে কি ! শৈল আজ স্কাল থেকে ত একবার নিঃশাস ফেল্বারও সময় পায়নি। সে আবার কখন এলো ?

नम्न। তা হবে, তাহলে হয়তো আমারই দেখার ভুল হয়েছে।

সিদ্ধে। দেখ মেজ-বৌ, এই ভূল দেখা আর ভূল শোনাতে—আমরা যে ভূল করে বসি, তার কোনদিনই সংশোধন হয় না। আমার ভূংখ মেজ-বৌ এমন ভাতরের মান-মর্যাদা ভোমরা ব্যবে না। বাইরের লোককে জিল্ঞাসা করলে তনতে পাবে, অনেক জন-জ্যান্তরের তপ্রসার ফলে এমন ভাতর পাওয়া বায়।

নন্ধন। আমরা কী সে কথা জানিনে দিদি ? ত্জনে দিবারাত্র বলাবলি করি, ভধু ভাতর নয়, অনেক পূণ্যে এমন বড় জা মেলে। ভোষাক বাড়ীতে আমরা ঘর দোর ঝাঁট দিয়ে ঝি-চাকরদের মত থাকতে পারি কিছ এখানে আর এক দণ্ডও বাস করতে পারব না।

দিছে। এ আমার বাড়ী নয় মেজ-বৌ, এ বাড়ী ভোমাদেরই, কোন-মতেই আমি ভোমাদের কোথাও বেডে দিতে পারব না।

- নমন। যদি কখনো ভগবান তেমন দিন দেন দিদি, তাহলে তোমার
 কাছে এসেই আমরা থাকব। কিন্তু এখানে আর একটি দিনও
 থাকতে নলো না। (কাঁদিয়া) আমার অতুল—হয়েছে দকলের
 চক্ষ্ণল। অহমতি দাও তাকে নিয়ে আমরা চলে যাই।
- সিছে। সে কী কথা মেজ-বৌ, দৈবাৎ সেদিন একটা কাণ্ড হয়ে গেছে বলে, সে কথা কী মনে রাখতে আছে ?
- নয়ন। কোন কথাই মনে রাথতে পারিনে বলে, কত বকুনি থেয়ে মরি
 দিদি! ওই যথনই হলো তথনই হাউ-মাউ করে কেঁদে কেটে মরি,
 কিন্তু একদণ্ড পরে, আমি যে গঙ্গাজল—সেই গঙ্গাজল—একটা
 কথাও আর আমারু মনে থাকে না। আমি তো সমন্ত ভূলেই
 . গিয়েছিলুম। কিন্তু রাগ করতে পারবে না দিদি, তুমি যতই
 বল,—আমাদের ঐ ছোট বৌটি বড় সহজ্পমেয়ে নয়। বাড়ীর স্বাইকে
 শিখিয়ে দিয়েছে—কেউ যেন আমার অতুলের সঙ্গে কথা না কয়।

मिष्क। त्म कि ! *

- নয়ন। বাছা মৃথ চ্ণ করে বেড়ায় দেখে জিল্পানা করে জানতে পারলুম,—না দিদি এখানে আর আমাদের থাকা চলবে না। এক বাড়ীতে থেকে, ছেলে আমার এমন মন গুম্রে বেড়ালে—ব্যামোতে পড়বে। তার-চেয়ে আমাদের অন্ত কোন জায়গায় চলে যাওয়াই মঙ্গল। তারও হাড় জুড়োয়, আর আমিও ছটো নিঃখান কেলে বাঁচি। হরিচরণ বাত্তভাবে ঘরে প্রেশে করিলা কহিল।
- হরি। মা সরকার জেঠামশাই এসেছেন, তোমার সঙ্গে একবার দেখা করতে চান।
- সিছে। তাঁকে একটু পরে আসতে বলে দে হরি। হরি প্রহানোভত, সিছেখনী ভাকিনা বলিলেন।

সিজে। হরি শোন?

হরি কিরিয়া বাডাইল।

তোরা অভূলের সঙ্গে কেউ কথা কস্নে কেন রে ?

- হরি। ও ছোটলোকটার সঙ্গে কে কথা কইবে মা? বড়দাকে বা মুখে আসে, তাই বলে। ছোট খুড়িমাকে গালাগালি দেয়!
- সিদ্ধে। যা হয়ে গেছে—ভার আর উপায় কী হরি। যাও—ডেকে অতুলের সঙ্গে কথা কও গে।
- হরি। ওর কথা কইবার লোকের অভাব হবে না মা। পাড়ার আন্তাবলে অনেক গাড়োয়ান আছে সেইখানে যাক্ ঢের বন্ধু-বান্ধব জুটে যাবে।

নরনভারা অলিয়া উঠিয়া বলিলেন।

- নয়ন। তোর মৃথও তো নেহাৎ কম নয় হরি ? তুই আমাদের এমন কথা বলিস্। আচ্ছা, সেই ভালো, আমরা গাড়োয়ানদের সঙ্গেই মেলামেশা করতে যাব। দেখি, আবার হরলাল দড়িঝুড়ি নিয়ে এলো কিনা? বাকী জিনিষগুলো আবার শুছিয়ে নিতে হবে তো।
- ন্ত্রি। অতুল সকলের স্থম্থে দাঁড়িয়ে কান মল্বে—নাকথং দেবে—ভবে আমরা কথা বলব। তা নইলে, ছোট খুড়িমা—না মা, সে আমরা কেউ পারবো না।

প্ৰসাৰ

- নয়ন। ছেলেদের কথা ওন্লে ত দিদি! ছোট-বৌ ধনি ছেলেদের একবার ডেকে বলে দেয়, তা হলেই তো সমস্ত গওগোল মিটে বার। সিজে। তা বার।
- নয়ন। তবেই দেখ দিদি, এই সব ছেলেরা বড় হয়ে তোষাকে মানবে ?
 না ভালবাস্বে ? বলা যায় কি ভবিশ্রভের কথা, তো্যার

নিজের ছেলেরাই তোমার কথা শোনে না, কিন্তু আমার অতুক তোমরা বাই বলো, তার- মা অস্ত প্রাণ! আমি বলে সাধ্যি কী তার এই হরিচরণের মতো ঘাড় নেড়ে চলে বায়?

দিছে। তা বটে ? এ বাড়ীর মণি থেকে পটল পর্যন্ত স্বাই ওই শৈলর বশে। সে বা বলবে তাই করবে, আমাকে কেউ মানে না। নয়ন। কিন্তু এটা কী ভাল ? দিছে। ভাল নয় তা মানি, কিন্তু করবোই বা কী ?

SBE &

एरत ७ मीना, मीना-

त्मराथा नीला। की मा।

সিন্ধে। তোর ছোট খুড়িমাকে একবার ডেকে দে তো।

নয়ন। ছোটবৌকে আবার আমার এথানে ডাকছ কেন দিদি?

দিছে। আৰু সামি তাকে ভেকে স্পষ্ট জিল্পেদ করতে চাই, দে কী চায়।

নয়ন। সে কী চায় সে তুমি জিজ্ঞাসা না করলেও, আমি বলতে পারি।
সিদ্ধে। কিন্তু তার মতেই থে পব সময় চলতে হবে তার তো কোন মানে
নেই মেল্লবে। আজ তাকে আমি সোজা কথা সোজাস্থিভাবে
জিজ্ঞেদ করবো। দেখি কি জবাৰ দেয় ?

শৈলকা যারে প্রবেশ করিল

শৈল। আমাহ ডাকছিলে দিদি?

मिष्क। है। । তोत्र की मछ, सम्मदी अत्रा अथान (थरक हरन याक् १

रेनन। त्र कि! सम्बनि हरन शास्त्र ? स्वन ?

সিছে। না গিয়ে আর উপায় কি বল্। তোর ছকুমে ছেলেরা কেউ

মতুলের সদে কথা কয় না, খেলা করে না। ছেলেমায়ৰ তার দিনটাই বা কাটে কি করে বলৃ ? আর দিবারাত্ত ছেলের শুক্নো মুধ দেখে বাপ মাই বা এখানে, বাস করে কী করে ? তুই তাহলে ওদের এ বাড়ীতে রাখতে চাস নে ?

नम्न। তা হলে সবদিক দিয়েই বোধহম ছোট বৌমের ভাল হয়।

- শৈলজা। আমার আর ভালো মন্দ কী? কিন্তু ছেলেদের যে ভাল হবে না, তা আমি স্পষ্ট করে বলতে পারি। অমন ছেলের সঙ্গে আমি এ বাড়ীর কোন ছেলেকেই মিশ্তে দিতে চাইনে। ও যে কী মনদ হয়ে গেছে তা মুখে বলা যায় না—
- নয়ন। হতভাগী মায়ের ম্থের সাম্নে অমন, করে তুই ছেলের নিস্ফে করিস্? মৃথ যেন ভোর ধনে ঘায়। দ্র হ—দ্র হ—আমার মর থেকে—
- শৈলজা। আমি ইচ্ছে করে কখনো তোমার ঘরে পা দিইনে মেজদি।
 কিন্তু এম্নি করেই তুমি ছেলের মাথাটি খেলে বসে আছ় । আজ
 বুঝতে পারছ না, একদিন পারবে।
 প্রা
- নয়ন। শুনলে দিনি কথাগুলো, শুনলে তো না দিনি! আমাদের ছৈড়ে
 দাও আমরা চলেই বাই। এঁরা মায়ের পেটের ভাই বলেই তৃষি
 আমাদের ছাড়তে চাইছ না। কিন্তু ছোটবৌয়ের এডটুকু ইচ্ছে নয়
 বে আমরা এ বাডীতে থাকি।
- সিছে। তৃমি কিছু মনে করো না মেজবৌ। ভাওরাধা বল্ছে অতুল কেন তাই কঞ্ক না? সেও তো ভাল কাজ করেনি মেজবৌ।
- নয়ন। আমি কী বলেছি যে সে ভাল কান্ত করেছে ? জ্ঞান-বৃদ্ধি থাকলে কেউ কী বড় ভাইকে গালাগালি দেয় ? আমি না হয় তার হয়ে তোমাদের সকলের কাছে নাকখং দিচ্ছি।

ক্ষনতারা মাটিতে নাকথৎ দিলেন। সিকেংরী বাত হইরা তাহাকে বাধা দিলেন।

সিক্ষো ও কি মেজ্রবৌ! ছি ছি! ও কি করছ—
নয়ন। তাকে তোমরা মাপ কর দিদি। তার মূথ দেখে আমার বুক ফেটে বাচ্ছে!

শৈলভার প্রবেশ

শৈলজা। সরকার ম'শায়ের বাড়ীতে বড় বিপদ, তিনি কিছু টাকা চান।
তোমার সঙ্গে দেখা করার জন্ত অনেককণ থেকে অপেকা করছেন।
সিক্ষে। যা ভাল হয় তোরা করগে যা—আমি তার কি জানি?
শৈলজা। বারে! কী দেওয়া হবে না হবে, তুমি না বল্লে আমি কী
করে বার করে দেব?

দিদ্ধে। যেমন করে চিকিশ ঘণ্টা দিন্দুক খুলে টাকা বার করছিদ, তেমনি করে বার করে দিগে যা। তোর ওপর আমার আর এতটুকু—
পিণ্ডিছেদা নেই। তোর ব্যবহারে আজকাল তোর সঙ্গে কথা কইতেও আমার ঘেলা হয়। আপনার জ্ঞা-দেওরকে তাড়িয়ে দিয়ে যে তোদের নিয়ে মাথায় করে নাচব এ তুই মনেও ঠাই দিস্নে। আমার সংসারে যদি মানিয়ে চলতে না পারিস্ য়েখানে তোদের স্বিধে হয় চলে যা—আমি আর পারি না। পারি না।

সিছেমরী কোন প্রকারে কারা চাপিরা হর হইতে বাহির হইরা গেলেন । শৈলজা নিক্তল হইরা গাঁড়াইরা রহিল।

দ্বিভীয় দুশ্ব

গিরীশের বসিবার ঘর

ব্যরের মধারলে একটি সেকরেটেরিরেট টেবিল পাতা। টেবিল ঘিরিয়া করেকথানি চেরার সোলা ইত্যাদি দেখা যাইতেছে। করেকটি আলমারী ঠানা আইন পুত্তক। টেবিলের ওপর ইতঃত্তত ত্রীক্ ছড়ান। গিরীশ সবেমাত্র কোর্ট হইতে আসিয়া জামা কাপড় ছাড়িয়া চেয়ারে বসিয়া মনোযোগ সহকারে ত্রীক্ পাঠ করিতেছেন। ইতিমধ্যে বাড়ীয় পুরাতন সরকার গণেশ চক্রবর্ত্তী আসিয়া তাহার সন্মুখে নাড়াইল, গিরীশ গণেশের আসা টের পাইলেন না। কিছকশ ইতঃতত্তত করিয়া গণেশ ভাকিল—

গণে। বাবু!

গিরীশ নির্বত্তর

বড় বাবু !

গিরীশ। (গণেশের দিকে চাহিয়া) কে ? ও! গণেশ! কী খবর ? গণেশ। বাড়ীতে বড় অহুখ, চু'এক দিনের জন্তে দেশে যেতে চাই।

गित्रीम। जा दम जा। वड़ दोरक वरन वाछ।

গণেশ। আজে বড় মাকেই বলতে গিয়েছিলাম—

গিবীণ। বলতে গিয়েছিলে তো বললে না কেন?

গণে। আজে, তিনি বড় ব্যস্ত তাই---

গিরীশ। তোমাদের ওই বড় মা-টি অভিশন্ন বাস্তবাগীশ। আর সেই-জন্মেই তো রোগ সারছে না। ডাক্তারে বলছে—ওবুধ পত্তি নিয়মিত থেতে আর চুপ চাপ শুরে থাকতে। তা নম্ন, সারাদিন 'ঘুরপাক্ খাচ্ছেন আর রোগটিকে বাড়াচ্ছেন।

গণেশ। আজে, ভানয়। বড়মা খুরে খুরে বেড়াচ্ছেন না, খরেই বসে আছেন। গিরীশ। বদে আছেন তো বল্লে না কেন ?

গণেশ। আজে বলব की! দেখলাম বড গগুগোল-

গিরীশ। গণ্ডগোল। ঐ এক হয়েছে। দিনরাত্তি কেবল গণ্ডগোল আর গণ্ডগোল। আরে বাপু, গণ্ডগোলটা কিসের? গণ্ডগোল করনেই গণ্ডগোল। না ক্রলেই নয়।

গণেশ। আজে দেতো ঠিক কথা। কিন্তু কিছু টাকারও যে দরকার ছিল।

গিরীশ। দরকার তো হবেই। বাড়ীতে অস্থ্য বিস্থ্য টাকার দরকার হবে না ? খাও যাও—বড় গিন্নীর কাছ থেকে চেয়ে নিয়ে চলে যাও।

গণেশ প্রস্থানোক্তন । এমন সময় সিজেখরী হরে প্রবেশ করিলেন। গণেশকে দেখিরা কহিলেন।

निष्क। जूमि की ठीका ठाइँ ছिला शला ?

গণে। খ্যামা।

निष्त्र। नीलात कांह्र ठोका त्रत्थ पिष्ट अत्मिह। निष्ट्र यान्छ।

গণেশের প্রস্থান

গিরীশ। আমার কাছে এসে বলে কিনা, টাকা—ছুটি, আমি ওসৰ কী জানি বাপু। তাই তো গণেশকে বল্ছিলাম ওসব সংসারের বাাপার—আমি কী জানি।

সিছে। কিন্তু না জানলে তো আর হবে না। এখন থেকে জানতেই
হবে। এই যে আজ মেজবৌ আর একটু হলেই চলে যাচ্ছিলো।
বিছানা পত্তর বাধা-ছাদা সব ঠিক ঠাক—

গিরীশ। সেকি: কেন?

সিদ্ধে। এমনিই তো মেলবোরের সঙ্গে ছোটবোরের এক জিলার্দ্ধও বনে না। ভার ওপর ছোটবো বাড়ীর সব ছেলেদের শিধিয়ে দিয়েছে— কেউ যেন অত্লের দক্ষে কথা না কয়; সে বেচারা এই কদিনে তুকিরে যেন অর্দ্ধেক হয়ে গিয়েছে। শৈল যে এইভাবে এখন থেকে ভায়ে ভায়ে অসদ্ভাব করিয়ে দিচ্ছে, বড় হলে এরা তো লাঠা-লাঠি মারামারি করে বেড়াবে! এটা কি ভাল ?

সিরীশ। নানা, খারাপ। খুব খারাপ।

দিছে। ওর জন্মেই তো দেদিন মণি—অতুলকে অমন করে ঠেদালে।
আচ্ছা দে-ও মেরেছে, ও-ও গালাগালি দিয়েছে—চুকে গেল, আবার
কেন ছেলেদের কথা কইতে বারণ করা ?

গিরীশ। (ত্রীফ হইতে মুথ তুলিয়া) ঠিকই তো!

সিদ্ধে। আজ তুমি মণি আর হরিকে ডেকে বুলে , দিও, তারা যেন অতুলের সঙ্গে কথা বলে। নইলে ওরা চলে গেলে পাড়ার লোকে যে আমাদের মুথে চুণ কালী দেবে। সত্যিই তো আর ছোট বৌয়ের জন্মে মায়ের পেটের ভাই ভাজকে তুমি ছাড় তে পারবে না।

গিরীশ। (অক্তমনস্ক-ভাবে) তা তো নয়ই ?

সিদ্ধে। আর দেখ, এখন থেকে সংসারের দিকে একটু নজর দেবার চেটা করো।

গিরীশ। করবো।

मित्क। क्रांत या, जा जामि कानि! जामात अधु तत्म मूथ नहे!

गितीन। ना ना, नष्टे श्रद (कन ? वल ना आमि उनिह-

দিদ্ধে। এই যে ছোট ঠাকুরপো, কোন কিছু রোজগারের চেটা করবে না চুপ-চাপ বদে আছে। এমনি করেই কী ওর চিরকাল চলবে? গিরীল। ঠিক কথা! আমি আচ্ছা করে ধমকে দেবো'ধন? দিদ্ধে। ধমকে যা দেবে, তা আমার জানা আছে। তোমার ওই গিরীশ। না না, ভোমার গাম্নেই এখুনি ভাকে ধম্কে দিছি। ওরে কে আছিন, রমেশকে একবার ডেকে দে ভো—

হরিপের প্রবেশ

हतिन। तरमगरक जाकरहन माना ?

গিরীশ। হাাঁ! তাকে রীতিমত ধমকে দেওয়া দরকার। বদে বদে দে যে একে বারে জানোয়ার হয়ে গেল!

হরিশ। ইংরেজীতে একটা কথা আছে না! Idle brain is devils workshop। অলস মন্তিক শয়তানের কাবখানা। এও হয়েছে—
ঠিক তাই।

গিরীশ। ঠিক ঠিক।

হরিশ। আর তাকে প্রশ্রয় দেওয়া উচিত নয় দাদা, সে আর এখন ছেকে
মাহ্র্যটি নয় যে সারাদিন আড্ডা দিয়ে বেড়াবে আর থবরের কাগজ
মুখে করে দেশ উদ্ধার করবে।

রমেশের প্রবেশ

রমেশ। আমাকে ডাকছিলেন দাদা?

গিরীশ। ইা। তুই অতুলের সঙ্গে ঝগড়া করেছিদ্ কেন ?

রুমেশ। আমি?

नित्रीम। रा रा, जूरे---

রমেশ। (আশ্চর্যা হইয়া) ঝগড়া করেছি ?

গিরীশ। হাা। আল্বং করেছিন্, যা মুখে আদে তাই বলে গালাগালি মন্দ করেছিন্।

त्रस्थ । अत्निष्टि वर्ष्ट ! किन्ह वर्गणात ममग्र व्यामि क हिलूम ना नाना ।

গিরীশ। নিশ্চয়ই ছিলি!

त्राम । ना नाना, विचान करून ; आमि हिनुम ना-

तित्रीन । व्यामि, रुतिन वाड़ीत नकरन हूटि रानाम, व्यात जूरे हिनि ना ?

রমেশ। বিশাস করুন, সত্যিই আমি ছিলুম না।

গিরীশ। তবে বড় বৌ কী মিছে কথা বলছেন ?

রমেশ আশ্চর্য্য হইরা সিজেধরীর মুখের দিকে চাহিলে— সিজেধরী গজিয়া কহিলেন।

দিছে। তোমার কী ভীম-রতি ধরেছে ? ঝগড়া ঝ'াট যখন হয় তথন তো তৃমি ছুটে গিয়েছিলে। ছোট্ ঠাকুরপোকে তথন তৃমি দেখতে পেয়েছিলে কি ? সে কি ছিল সেখানে ?

गिरीन। ना, जा जा किन ना वरनरे, मतन राष्ट्र वर्ष-

সিন্ধে। তবে ? কথন তোমাকে বল্লুম ছোট ঠাকুরপো অতুলকে গালাগালি দিয়েছে ?

গিরীশ। ও! নানা, সে ব্ঝি ছোট বৌমা? তা ছোট বৌমাই বা কেন গালাগালি করবেন তনি?

সিন্ধে। (সক্রোধে) সে করে নি। আর যদি করেই থাকে, তাকে বলবো আমি। তুমি তার জ্ঞে ছোট ঠাকুরপোকে থোঁচা দিচ্চ কেন ?

গিরীশ। আচ্ছা তাই যেন হলো। (রমেশের প্রতি) কিন্তু তুই হতভাগা এমনি অপদার্থ যে আমার চার চার হাজার টাকা উড়িয়ে দিলি! আর দেখগে যা—বাগবাজারের থাঁ-দের এই খড়ের দালালীতে তারা ক্রোড়-পতি হয়ে গেল।

হরিশ। থড়ের দালালী ? সিরীশ। হাঁয়, থড়ের দালালী। त्राम्य । ना नाना, थएड्र नश्—भारत्र ।

গিরীশ। তারা আমার মকেল আর আমি জানি নে তুমি জান। থড়ের দালালী করেই তারা বড়লোক হয়েছে। জাহাজ জাহাজ থড় বিলেত পাঠাচ্ছে—

त्रत्म । आमि यकन्त्र कानि, थकु नग्र नाना, अठी भाषे ।

গিরীশ। আচ্ছা না হয় পাটই হ'লো? এই পাটের দালালী করে তুই
কি ছ'শো একশণ্ড আনতে পারিদ্ নে। তোমাদের তো আমি
চিরকাল বদে বদে খাওয়াতে পারবো না। 'যে মাটিতে পড়ে লোক
ওঠে তাই ধরে।' একবার চার হাজার টাকা লোকদান গেছে, যাক্
কুছ্ পরোয়া নেই। আচ্ছা আর চার হাজার নাও, না হয় আরও
চার হাজার নাও। তাই বলে আমি ব্যাটা খেটে মরবো, আর
তুমি যে বদে বদে খাবে? তা হবে না।

হরিশ। পাটের দালালী তো আর করলেই হয় না, শিথতে হয়, বার বার এইভাবে টাকা নষ্ট করে আর লাভ কী দাল।!

গিরীশ। তা ঠিক বটে। আমি পাটের দালালী-টালালী বুঝিনে, তোমাকে খড়ের দালালীই কাল থেকে স্থক করতে হবে। সকালে আমি ব্যাক্ষের ওপর আট হান্ধার টাকার চেক্ দেবো, চার হান্ধার টাকার খড় কিনবে আর চার হান্ধার টাকা জমা রাধবে। এই টাকাটা নই হলে—তবে ঐ জমার টাকায় হাত দেবে। তার আপে নয়। বুঝলে!

রমেশ। (ঘাড় নাড়িয়া) যে আ**জে।** গিরীশ। যাও।

ब्राव्यान क्षत्रान

रविन । এই आहे शकात होकाहा (मध्या की हिक रहात माना ?

গিয়ীশ। কেন নয় । না দিলে কুঁড়ের মতো বসে থাকবে যে।

হরিশ। কিন্তু এই আট হাজার টাকাই জলে গেল ধরে রাখুন। কী বল বৌঠান্? এই দেদিন চার হাজার টাকা জলে দিলে, আবার ব্যবদা করবার জন্ত টাকা দিতে যাচ্ছেন?

গিরীশ। তা হলে তুমি কী করতে বল ?

হরিশ। রমেশ ব্যবসা-বাণিজ্যের জানে কী ? আট হাজারই দিন্ আর আট লাখই দিন্ আটটা পয়সাও যে ও ফিরিয়ে আনতে পারবে না, এ আমি বাজী রেখে বলতে পারি। এই টাকাটা উপার্জন করে জমাতে কত সময় লাগে একবার ডেবে দেখুন দেখি।

গিরীশ। ঠিক, ঠিক, ঠিক বলেছে হরিশ। পকে তাকা দেওয়া মানেই ত জলে ফেলে দেওয়া। ও আবার কী একটা মাছুব।

- হরিশ। তার চেয়ে আমি বলি কী রমেশ বরং একটা চাকরী বাকরী কুটিয়ে নেবার চেষ্টা করুক। খুড় তুতো ভাই হিসাবে আমাদের যা করা উচিত ছিল—আমরা তা করেছি, এখন ওর যেমন ক্ষমতা তেমনিই করা উচিত। এই যে ছেলেদের পড়ানোর ক্ষম্তে মাদে মাদে আমাকে পচিশ টাকা করে দিতে হচ্ছে। সে কাকটাও তো ওর বারা হতে পারে। সেই টাকাটা সংসারে দিয়েও ত ও আমাদের ক্তকটা সাহায্য করতে পারে, কী বলো বৌঠান ?
- গিরীল। ঠিক্ ঠিক্। ঠিক্ কথা বলেছে হরিশ, কাঠ বেড়ালী দিয়ে রামচক্র সাগর বেঁধে ছিলেন, দেখছ বড়বৌ—হরিল ঠিক ধরেছে। আমি বরাবর দেখেছি কিনা ছেলেবেলা থেকেই ওর বৃদ্ধিটা ভারি প্রথব। ভবিশ্বং ও যতটা ভেবে দেখতে পারে, এমন আর কেউ পারে না। আমি তো আর একটু হলেই এভগুলো টাকা নট করে কেলেছিলাম আর কী! কাল থেকে রমেশ ছেলেদের পড়াতে আর্ভু

करत मिक, थररतत कार्शक मूर्थ निरंश चात नमश्च नहे कतात पत्रकात दनहें।

नित्क। টोकांটা की ভবে দেবে না না-कि ?

গিরীশ। নিশ্চয়ই না। তুমি বল কী, আবার আমি তাকে টাকা দিই কথনো?

সিদ্ধে। তা হলে এইভাবে তাকে আশা দেওয়া ঠিক হয় নি। হরিশ। বললেই যে দিতে হবে, তার তো কোন মানে নেই বৌঠান!

শামিও তো দাদার সহোদর, আমারও তো একটা মতামত নেওয়া চাই। সংসারের টাকা নষ্ট হলে আমারও তো গায়ে লাগে—

দিকেবরী স্লান হাদিরা

দিক্ষে। তা বুঝেছি; ওইটাই তোমার আসল কথা ঠাকুরপো!

শৈলজার শয়ন কক

বরের মধারলে থাটপাতা, একপাশে আলমারী অপরদিকে আন্লা এবং সাংসারিক বিনিবপত্তর দেখা বাইতেছে। তখন সবেমাত্র সন্ধা; টুডীর্ণ ইইরা গিরাছে। থাটের ওপর রমেশ চুপচাপ বসিরা থবরের কাগজ পড়িতেছিল। শৈলজা বরে প্রবেশ করিরা জিজাসা করিলেন।

শৈল। হাঁ গা! বড়ঠাকুর তথন তোমায় ডাকছিলেন কেন ? রমেশ। এমনি!

শৈল। ও ৷ অনেক দিন বুঝি দেখা সাক্ষাৎ হয়নি, ভাই দেখেই বিদেয় দিলেন। त्रामः। ना ना, किছু প্রায়োজনীয় কথাবার্তাও ছিল।

र्भिन। त्महे श्रासामनीय कथाताला की छाहे एठा स्नानएक ठाहे हि?

রমেশ। ব্যবদাটা আবার চালু করার জজে দাদা আরো হাজার আদ্টেক টাকা দিতে চান। তা দাদাকে তো জানো—কোন কথাই তাঁর মনে থাকে না। সেবার টাকা দিলেন—পাটের ব্যবদা করার জন্তে; এখন বল্ছেন—খড়ের।

শৈল। তা পাটকে খড় বলেই মেনে নিয়ে এলে তো ?

রমেশ। তা নিম্নে এলাম বৈ কি। ঐ নিম্নে তো আর দাদার সঙ্গে তক করতে পারি না।

ेशन। छा दिन करत्रहा। की विक कत्रता ? त्रावशाहे कत्रदि ?

त्रामा । তা ছাড়া আর উপায় की ? माना यथन वनह्न ।

শৈল। কিন্তু আমি বলি কী, টাকা নিয়ে ব্যবদা না করে, একটা চাকরী বাকরী জুটিয়ে নেবার চেষ্টা কর।

त्रत्म। किंह ठाकती कतात्र मामा की मछ मार्यन-

শৈল। সরাসরি মত দেবেন কিনা জানি না। তবে চাকরী যদি তুমি জুটিয়ে নিতে পার, তা হলে অমত করবেন বলেও আমার মনে হয় না।

রমেশ। কেন ? ব্যবসা করায় ভোমার স্বাপত্তি কী ?

শৈল। ব্যবদা করার আমার আপত্তি নয়—বড় ঠাকুরের কাছে টাকা নেওয়াতেই আমার আপত্তি। মেছদি, মেজ বড়ঠাকুর যথন এখানে ছিলেন না তথন বড়ঠাকুর যা দিয়েছেন, নিয়েছো। কিন্তু আছকে তৃতীয় পক্ষ যথন উপস্থিত, তথন দাতা বা এহীতা কারুরই দেওরা বানেওয়া উচিত নয়।

अस्म। किन आमि एका हारे नि, मामा रेट्य करतरे एका मिट्यन।

শৈল। বড়ঠাকুর শিবতুল্য মাহ্ব। তাঁর তুলনা হয় না, তিনি চান সকলে ক্ষেপে স্বচ্ছলে থাক্। কিন্তু তিনি দিতে চাইলেও তোমার তা নেওয়া উচিত হবে না। বড়ঠাকুর যে টাকা দিতে চাইছেন, দে টাকা এখন আর তাঁর একার নয়, ওতে মেজ বড়ঠাকুরেরও ভাগ আছে। দিদি তো আজ স্পাইই জানিয়ে দিয়েছেন, জ্ঞাতি-সম্পর্ক ছাড়া তোমার সঙ্গে তাঁদের আর কোন সম্পর্কই নেই। ভূলে যেও না—তুমি তাঁদের খুড়তুতো ভাই।

রমেশ। এতদিন পরে আজ একথা উঠছে কেন শৈল ?

শৈল। এতদিন ব্ঝতে পারিনি, দিদি আমার আপনার জা নন্, আর বড়ঠাকুর তোমার, আপনার ভাই নন্। দিদি আজ এই কথাটা বিশেষ করে জানিয়ে দিয়েছেন বলেই তোমাকে বললাম।

রমেশ। বড়বৌ!

শৈল। গ্যা। দিদি আজ আমাকে সোজাস্থজি বলেন—আপনার জা দেওরকে পর করে দিয়ে যে তোমাদের মাথায় নিয়ে নাচব তা মনেও করো না—

রমেশ। ও বড় বৌ রাগের মাধায় কী বলেছেন, ও কথা ধরতে গেলে কী চলে ? আর ডোমাদের খুটমুট্ তো লেগেই আছে।

শৈল। আমাদের খুটমুট লেগে আছে, তা মিথ্যে নয়। কিন্তু তার মধ্যে কোনদিন সম্পর্কের ব্যবধান দেখা দেয়নি।

नीलात अरवन

নীলা। ছোটখ্ডিমা, অতুল আমায় ডেকে কী বল্ছে জান?

ट्रिन। की वनहाद दि ?

नीना। वन्ष्ट्- ছোটकाकारक आमात्र गणार७ हरव। आमाद

মাষ্টারকে ছাড়িয়ে দেওয়া হবে, আর মাষ্টারকে যে পচিশ টাকা করে মাইনে দেওয়া হতো, সেই টাকাটা দেওয়া হবে—ছোটকাকাকে। আমার শুনে এমন রাগ হলো।

শৈল। এতে রাগ করবার কী আছে নীলা? মাষ্টারী সে তে। ভাল কাজ।

নীলা। ভাল না ছাই। ছোটকাকা তথু তথু ওর মাষ্টারী করতে বাবেন কেন? ছোটকাকা কী মাষ্টার? সে আরো যে সব কথা বলেছে,—সে আর ভোমায় কী বলবো?

त्रस्य। अञ्च आत की वरनष्ट नीना?

নীলা। সে ভারি থারাপ কথা ছোটকাকা, এবার থেকে ওর সঙ্গে আমরা কেউ কথা বলবো না।

শৈল। ছি:। ও কথা কি বলতে আছে মা?

नीना। ना वनरा दनहें दि कि ? ७ त्कन, ७ मद कथा वनर्द ?

रेनन। की कथा परनरह नीना?

নীলা। বলে কী ঐ মাইনের পচিশ টাকাও ছোটকাকার হাতে দেওয়া হবে না, দেওয়া হবে মার হাতে, সংসার ধরচের জক্তে। এর পরেও তার সঙ্গে তোমরা কথা বলতে বলো—এরকম কথা বে বলে, তার সঙ্গে আমি কিছতেই কথা বলবো না—কিছতেই না—

প্রসাব

रेनन। सनतन १

রমেশ। শুনলাম। কিছু করব কি ? এ নিয়ে দাদার সঙ্গে আমি অগতা করতে পারব না।

লৈল। ঝগড়া করতে আমিও তোমায় বলি না। আমি বলি, এমন একটা উপায় কর, যাতে আমরা এই ঝগড়াকে এড়িরে চলতে পারি। ব্যমেশ। সেই উপায়ই আমি করব শৈল।
শৈল। আমি জানি তুমি করবে, আর সেই-জ্বন্তেই আমি তোমায়
বটঠাকুরের কাছে টাকা নিয়ে ব্যবসা করতে বারণ করেছিলাম।

রমেশ। তথন বুঝতে পারিনি শৈল। তথন ভেবেছিলাম বৌঠানের ওপর অভিমান করেই তুমি বলছ। কিন্তু এখন দেখ্ছি—এ তা নয়—এ পাকা ইমারতে ফাটল ধরেছে।

চভুৰ্থ কুখ্য

বাটীর অন্দ্রম্হল। রাশ্লাঘরের সম্পৃথস্থ দালান নালা দালানে বসিয়া গান গাহিতেছে, পার্বে সিক্ষেপরী। রাশ্লাঘরের মধ্যে শৈলজ্ঞ। রাশ্লার কাজে বাস্ত । তথন বেলা ১০টা—১১টা।

নীলার গান

কে যাবে মধুরাপুর, কার লাগি রব।
এসব ছথের কথা লিথিয়া পাঠাব।
হাত কলম করি, নমন করি দোত।
কলিজা কাগজ করি লিথি টাদ মুখ ।
কেহ ত না কহে রে আওব তোর পিরা।
কতনা রাথিব চিত নিবারণ দিয়া।

গান শেব হওয়ার সঙ্গে নয়নতারা প্রবেশ করিবেন

নয়ন। এ কি দিনি! এমন করে বসে আছ বে ? শরীর কী আজ

বড্ড বেশী থারাপ মনে হচ্ছে ? ডাক্তারকে ধবর দেবো ?

সিকে। নানা। কিছু হয়নি, আমি আজু ভালই আছি।

নয়ন। তোমার কথা তো? দেখি, কেমন ভাল আছ?

ৰূপালে হাত দিয়া

- সিন্ধে। নিত্যি নিত্যি কি আর দেখ্বি মেজবৌ। সত্যিই বলছি—
 আজ আমার কর হয়নি।
- নয়ন। তা অমন করে বদে আছো কেন দিদি? বেলা হলো—যা হোক চারটি মুখে দেবে চলো।
- সিছে। বেলা আর কোথায় মেজবৌ, এই ত সবে এগারোটা।
- নয়ন। এগারোটা কী সোজা কথা দিদি! তোমার অহুথ শরীরে যে বেলা নটার ভেতরই থাওয়া-দরকার।
- मित्क। তা हाक त्यक्रतो, वामि कानितिष्टे थ्र नीम् भित्र शहे ना।
- নয়ন। এই জন্মেই তো পিত্তি পড়ে শরীরের এই অবস্থা। আমার হাতে হেঁসেল্ থাকলে আমি কিনটা পেরোতে দিই। তুমি না বাচলে কার আর কী। আমাদেরই সর্কনাশ।
- সিছে। তুমি আপনার জন বলেই আজ এ কথাটা বল্লে মেজবৌ!
 নইলে আমার আর কে আছে ?
- নয়ন। না দিদি, আমি বেঁচে থাকতে তুমি যে আমাদের ফাঁকি দিয়ে পালাবে তা হবে না।

শৈল । এখন কী খেতে দেবো ?

সিছেবরী কোন কথা কহিলেন না, নয়নভারা বলিয়া চলিলেন।

নয়ন। এঁরা যেমন ছটিতে সহোদর, তেমনি আমরাও তো ছটা বোন। যেখানে যত দ্রেই থাকি না কেন দিদি, আমি যেমন নাড়ীর টানে কেঁদে মরবো, আর কী কেউ তেমন করে কাঁদবে ?

দ্বিতীয় অহ

নীলা বিরক্তভাবে

নীলা। আ:! উত্তর দাও না মা, ছোটখুড়িমা যে জিজ্জেদ করছেন, তুমি এখন থাবে না, না?

সিজে। (বিরক্তভাবে) আহা! মেয়ের ম্থ দেখ না, বল্ছি তো এখন থাবো না।

শৈলজা রামাগরের ভিতর চলিয়া গোলেন।

নয়ন। এই যে তুমি বল্লে দিদি, আমি ছাড়া তোমার আর সত্যিকারের কেউ আপনার জন নেই এ কথাটি যেন কোনদিন ভুলে যেয়ো না।

সিঙ্কে। একি ভুলবার কথা মেজবৌ! এতদিন তোমাকে চিন্তে পারিনি তাই।

নয়ন। দোষ আমার দিদি! আমিই তোমাকে চিনিনি। আজ যদিই বা জানতে পারলুম, আমরা তোমার পায়ের ধ্লোর যোগ্য নই। কিন্তু সে কথা জানাবো কী করে দিদি, তোমার কাছে থেকে তোমার সেবা করবো ভগবান তো সেদিন দিশেন না। আমরা হয়েছি ছোটবৌয়ের ছচোকের বিষ।

দিকে। অত যদি তার চক্ষ্যুল হয়ে থাকে, তা হলে দে বেন তার ছেলেপুলে নিয়ে দেশের বাড়ীতে চলে বায়। আমি তার সাভ গুটীকে ছুধে ভাতে খাওয়াবো কি নিজের সর্বনাশ করার জ্ঞান্ত ?

শৈলজা ইতিমধ্যে রান্নাখরের ভিতর হইতে বারান্দায় প্রবেশ করিলেন। সিজেবরী
বা নয়নতারা তাহাকে দেখিতে পাইলেন না। নীলার কিন্ত চোধ
এড়াইল না। সে মারের কথা চাপা দেওয়ার চেটা করিতে
লাগিল। সিজেবরী বধারীতি বলিলা চলিলেন।

সিছে। খুড় তুভো ভাই ভাল। তালের ছেলেপুলে—এই তো সম্পর্ক।

তের খাইয়েছি, তের পরিয়েছি—আর না, দাসী চাকরের মতো মুখ
বুঁজে আমার সংসারে থাকতে পারে থাক্, না হয় চলে বাক্।
নীলা। মা কী বক্ছো পাগলের মতো। আঃ! চুপ করো না।

শৈলকা থীরে থীরে রালাখনে চলিরা গেল।

দিকে। আমরা ত্-জায়ে কথা বল্ছি তা তোর কীলা। তুই চুপ করে থাক্। ছোট মূথে বড় কথা।

নয়ন। ওদের আর দোষ কী দিদি, ষেমন দেখ ছে তেমনি শিখ বে তো ?
কথায় কথায় অনেক বেলা হল; এইবার থাবার সময় হয়েছে, আমি
তোমার থাবার জায়গা করে দিয়ে আদি, আর বেলা করে।
না লক্ষীটি।

ন্যন্তারার প্রস্থান

সিছেৰরী আপন মনে বলিতে লাগিলেন।

- দিছে। ই্যা। আপনার জন বটে মেজবৌ! দে না থাকলে দেখছি এবার আমাকে বে-ঘোরে মরতে হতো। এমনি সেবাযত্ব আমার মায়ের পেটের বোন থাকলেও করতে পারতো না। আর অপরকে থাওয়ানো পরানো—শুধু অধর্ষের ভোগ; ভল্মে ঘি ঢালা! মেজবৌকে আমার মুখের কথাটি থদাতে হয় না, হাঁ হাঁ করে এদে পড়ে! আমার এমন পোড়া কপাল! যে এমন মাস্থকে আমি পরের ভাঙ্চিতে পর মনে করেছিলুম। মার কাছ থেকে কদিন হোল একথানা চিঠি এসেছে—তা বে কাউকে দিয়ে একটু পড়িয়ে শুনবো, আমার দে উপায়ও নেই। অপরকে থাওয়ানো পরানো ভবে কিসের জত্তে?
- নীলা। মেজখুড়িমা সে চিঠিটা ভোমাকে ছ'তিনবার পড়ে গুনালেন বে মা! আবার কবে নতুন চিঠি এল ?

- নিক্ষে। তুই দৰ-কথায় গিন্নিপণা করতে যাস্নে নীলা! চিঠি ভনলেই হলো, তার জবাব দিতে হবে না? কেন? তোর ছোটখুড়ি কী মরেছে—বে পাড়ার লোক ডেকে এনে চিঠির জবাব লেখাবো?
- নীলা। চিঠি লেখাবার আর কী কেউ নেই মা যে, এই আজ সংক্রান্তির দিনে তুমি আমার ছোটখুড়িমাকে মরিয়ে দিচ্ছ?
- निष्क। जुरे रिय जामाय जराक करति नीना! रानारे साँ । मदराव कथा जारात जामि कथन रन्नूम? (कॅंगिया) পেটের মেয়ে সেও जामाद म्थ नाज़ा त्मय ? कान यात दिख निष्य এटन काल थिटि करत माश्य करनूम, সে जामात हाथा माज़ाय ना! जामात मदन कथा कय ना। এত रिय जामि द्वारा जुर्ग हि जुर् दा जामात मदन हय ना? जाज तथरक जामि यिन এक कांगे अपूर्य थारे दा जामात जिल्ला विज्ञान किया।

সহসা নরনভারার প্রবেশ

নমন। কেন শুধু শুধু দিব্যি-বিপান্তর করতে যাচ্ছ দিদি ? একখানা
চিঠির জবাব লেখাবার জব্যে অত খোসামোদ করা কেন ? আমাকে
হকুম করলে এতক্ষণে অমন দশখানা চিঠির জবাব লিখে দিডে
শারতুম। এস—খাবে এস।

নরনতারা লোর করিয়া সিদ্ধেশরীকে টানিয়া লইয়া গেল। অপর দিক হইতে শৈলজাকে লইয়া নীলা রালাখরের ভিতর হইতে বাহির হইল।

নীলা। মার কথায় তুমি কিছু মনে ক'রোনা ছোটখুড়িমা, অস্থবে ভূগে ভূগে মা ধেন কী রকম হয়ে গেছেন। আর তার ওপরে মেজ খুড়ীমা অষ্টপ্রহর বিট্ বিট্ করছেন। ওঁরা না এলে ভালই হতে;—

- শৈল। প্রকথা কি বল্তে আছে মা? নিজেদের বাড়ী-ঘর আস্বেন বৈকি!
- নীলা। তা আহন না। তার-জ্ঞে ত কিছু বলছি না। কিছ তোমাকে অমন ক'রে বলবেন কেন ?
- শৈল। তা বল্লেনইবা। ওঁরা বড়, ওঁরা যদি কিছু বলেন, তাতে কি রাগ করতে আছে ?
- নীলা। বড় ব'লে যা তা বলবেন—না? আমি কিন্তু মেজ খুড়ীমাকে এবার একদিন আচ্ছা করে তনিয়ে দেব।

শৈল। ছি-মা! ও কথা কি বল্তে আছে?

নীলা। না, বল্তে নেই বৈকি, ওরকম—লোককে বলে, কিচ্ছু দোষ হয়না। দেথ ছেন মার ঐ রকম অস্থ, আজ ক'মাদ ধরে ভূগ ছেন, আর উনি কেবল এটা ওটা লাগিয়ে মার মন ভাঙিয়ে দিচ্ছেন।

रेनन। তा प्रिन ना। पिपित कथाय व्यामि किছू मतन कति ना।

বাস্তভাবে রমেশ থাবেশ করিল

कि ला! कित्र जल त्य?

রমেশ। আর বল কেন? যে ভূলোমন! নীলা, চট্ ক'রে একবার ওপরে যা ত মা! আমার ঘরে ধাটের ওপর একটা লয়া ধাম আছে দেটা নিয়ে আয় ত—

নীলার অহান

- শৈল। মা মঙ্গলচণ্ডী যদি মৃথ তুলে চান, তবেই এ অপমানের হাত থেকে হয়ত আমরা বক্ষে পাব।
- রমেশ। চাক্রী পাই আর না পাই, আমার কী মনে হয় জান শৈল ?

 এখন এখান থেকে দিনকতক আমাদের চলে যাওয়াই ভাল।

শৈল। তা কি হয়? দিদির অন্থ, তাঁকে ফেলে আমাদের কি যাওয়া উচিত ?

রমেশ। বৌঠানকে দেখবার ত এখন লোক হয়েছে।

শৈল। কিন্তু মেজদিদির ওপর ভার দিয়ে আমি কী করে নিশ্চিত্ত হয়ে থাকি বল ?

বুমেণ। না থাক্তে পারলে, ছেলেদের পড়ানোর কাজটাই শেষ পর্যন্ত আমাকে নিতে হবে। মেজবৌ মাস কাবারে ২৫ ুটাকা মাইনে আমাব হাতে দেবেন, আর আমি ঠাকুর, চাকর, সরকারের মত হাত পেতে তা নেব, আর তুমি দাঁড়িয়ে দাঁড়িয়ে তাই দেখবে।

শৈল। অদৃষ্টে যদি ভা থাকে, দেখতে হবে বৈকি !

ব্রমেশ। ছোট কাজই যদি করতে হয়, আপনার লোকের কাছে ব্রুতে পারবোনা শৈল!

শৈল। যত কট, যত হঃখই হোক---আমিও তোমায় তা কর্তে দেব না।

রমেশ। এ চাক্রীটা জোটে ভাল, নইলে তোমাদের নিয়ে দেশের বাড়ীতে চলে যাব।

শৈল। তানাহয় গেলে। কিন্তু থাওয়াবে কী? চালাবে কি ক'রে? ইতিমধ্যে নীলা খামটি আনিয়া নিল।

নীলা। এই নাও কাকা। (থামটি রমেশের হাতে দিয়া) এতে কী আছে?

त्रस्य। नार्टिकित्कर्।

भीना। छ! भान क्यल या (मध्

त्रामण। देंगा। किन्त क'रत शाल्यात भरक व खरनाहे सरबहे नह।

নীলা। ভবে লোকে পাশ করে কেন ? রোজগার করবার জন্তেই ভ ?

ব্যেশ। না, মা! রোজগারের জন্তে পাশ করা নয়—মাছ্র হওরার জন্তে লেখাপড়া শেখা—পাশ করা। ঠিক তোমার বাবার মতন সদাশিব মাছ্রটী হওয়ার জন্তে পাশ করা!

नीना। (मिवियास) ७!

对邻环牙哟

সিদ্ধেশবীর শয়ন কক

সিক্ষেবরী থরে বসিয়া আছেন। নর্মভারা সিক্ষেবরীর সেবার কার্য্যে নিযুক্ত। তথন সবেমাত্র সন্থ্যা হইরাছে।

নয়ন। ছেলেদের পড়ানোর কথা তনে, ছোটবাবুর নাকি খুব রাপ হয়েছে। তেজ করে নাকি বলেছেন—ছেলেপুলের হাত ধরে গাছ-তলার গিয়ে দাঁড়াব—তবু পচিশটা টাকার জল্ঞে মেজদার কাছে হাত পাত্তে পারবো না। বলি, তেজ করে ত বলি, কিন্তু এতদিন কার থেলি? কায় পর্লি? বাপ-মা ত অল্ল বয়েসেই মারা গিয়েছিল। বলি, দাদারা না থাকলে কে তোকে মাছ্য ক'বতো তনি?

দিছে। ওপৰ কথা বাদ দাও মেজবৌ। দশ বছরের মেয়ে—থাকে এনে
মাহ্য করনুম, সংসার চেনালুম, সে আজ ক'দিন আমার সঙ্গে কথা
কয় নি। বলি, আমি ত বড়, আমি যদি একটা কথা বলেই থাকি,
তাই বলে আমার সঙ্গে কথা বন্ধ করবি ?

নীলার প্রবেশ

নীলা। আমায় ডাক্ছিলে মা? সিন্ধে। হা। কোখায় ছিলি এডকণ শুনি?

- নীলা। ছোট খুড়ীমার কাছে।
- সিন্ধে। ছোট খুড়ীমার কাছে তোর এত কী-লা! যে একদণ্ড আমার কাছে বস্তে পারিদ্ না? বসে থাক্ পোড়ারমুখী, চুপ ক'রে এইখানে।
- নমন। ছি: মা! বড় হয়েছো, ত্দিন পরে শশুর ঘর কর্তে চলে যাবে, এখন যে ক'দিন পাও, বাপ-মায়ের সেবা করে নাও। মায়ের কাছে বসবে, দাঁড়াবে, সঙ্গে সঙ্গে থেকে ত্টো ভাল কথা শিথে নেবে, এখন কি আর—যার-তার সঙ্গে সারাদিন কাটানো উচিত ?
- নীলা। বাড়ীর মধ্যে যার-তার সঙ্গে সারাদিন আবার কথন কাটাই মেজ খুড়ীমাণ্ট তুমি কি ছোট খুড়ীমার কথা বলছ ?
- নয়ন। আমি কারুর কথাই বলিনি নীলা, আমি তুরু বলছি, তোমার রোগা মায়ের সেবা যত্ন করা উচিত।
- সিদ্ধে। সেবা যত্ন করবে ? বরঞ্জামি মলেই ওরা বাঁচে।
- নম্বনভারা। এরা না হয় ছেলেমাছ্য দিদি, জ্ঞান বৃদ্ধি নেই, কিন্তু ছোট বৌ ত ছেলেমাহ্য নয়, ভার ত বলা উচিত, যা নীলা—ভোর মায়ের কাছে ছ'মিনিট বস্পে যা, না সে নিজে একবার আদ্বে, না মেয়েটাকে আদৃতে দেবে ?
- সিদ্ধে। তোমাকে সত্যি বল্ছি মেজবৌ, আমার এক এক সময় এমন ইচ্ছে হয়, যে শৈলর আর মুখ দেখ বো না—
- নয়ন। অমন কথা বলোনা দিদি, হাজার হোক, সে সকলের ছোট, তুমি রাগ করলে, তাদের যে আর দাঁড়াবার জায়গা নেই। গ্রা—ভাল কথা, কথায় কথায় ভূলেই গেছি, এ মাসে উনি পাঁচশো টাকা পেয়ে-ছিলেন তার খ্চরো ক'টা টাকা নিজের হাতে রেখে, বাকী টাকাটা ভোমাকে দিতে বল্লেন।

নরনতারা আঁচল হইতে টাকা বাহির করিরা সিজেবরীর হাতে দিলেন। সিজেবরী সবিদ্যয়ে টাকা হাতে লইরা বলিলেন।

দিদ্ধে। টাকা! কিদের টাকা মেজবৌ?

নয়ন। ওই যে বল্লুম, তোমার পেওর কাল পেয়েছিলেন, ভাই বল্লেন—এটা বড়বৌকে দিয়ে এসো।

নিদ্ধে। নীলা, চট্ করে যা তো মা! তোর ছোট খুড়িমাকে একবার ডেকে দেতো, এ টাকা-গুলো তুলে রাখুক।

ব্যস্তভাবে নীলার গ্রন্থান

- নমন! এখন থেকে নিজে একটু শক্ত হওয়ার চেষ্টা কুরো দিনি, টাকা পয়সা নিজের হাতেই রাথবার চেষ্টা কর; ও জিনিবটা একই থারাপ যে পরকে দিয়ে বিশাস নেই। আমাদের পাড়ার ঐ যত্ বাবু গোপাল বাবু, হারাণসরকার কেউতো আমাদের বড়ঠাকুরের অর্দ্ধেকও রোজগার করে না। তব্ও তাদের কাকর ব্যাক্ষে সাথ-টাকার কম জনা নেই, আর তাদের বৌয়েদের হাতেও দশ বিশ হাজার জমেছে। সিদ্ধে। (সবিশ্বয়ে) ভূমি কি করে জান্লে মেজবৌ!
- নয়ন। তোমার দেওর যে ব্যাক্ষের ম্যানেজারকে জিঞ্জাসা করেছিলেন।
 তাঁরা সব তোমার দেওরের বন্ধু কিনা ? তাই ত কাল গোপাল বাবুর
 প্রী আমার কথা ভনে তো বিখাসই করলেন না। বললেন—এ কি
 আবার একটা কথা হলো মেজবৌ ? তোমার ভাতর অত টাকা
 রোজগার করেন, আর তোমার দিদির হাতে টাকা নেই!
- সিছে। আলমারী—বাক্স—পেট্রা—দিন্দুক খুলে তুমি দেখতে পার মেন্সবৌ, সংসার ধরচের টাকা ছাড়া—কোথাও যদি একটা বাড় তি পয়সা থাকে। যা করবে সে ত ঐ ছোটবৌ।

শৈলর প্রবেশ

लिल। आमात्र छाक्हिल मिनि?

সিন্ধে। ইা) দিদি, ডাকছিলুম বৈকি। অনেকগুলো টাকা বাইরে রয়েছে, তাই নীলাকে বললুম, তোর ছোট খৃড়িমাকে ডেকে দে, টাকাগুলো তুলে রাধুক। এই নে—

সিজেবরী বালিশ বিছানার তলা হইতে অনেকগুলি নোট পুঁজিয়া পুঁজিরা বাহির করিলেন। পরে সেই টাকার সহিত নরনতারার দেওরা টাকা শৈলজাকে দিলেন। শৈলজা আলমারী খুলিয়া টাকা রাখিল। নরনতারা লুক দৃষ্টিতে চাহিয়া বলিল।

নয়ন। কাল তোমারু দেওর বল্ছিলেন যে,জেঠ তুতো খুড় তুতো ভাইতো
নয়—মায়ের পেটের ভাই,ভার খাবনা পরবো না তো যাবো কোথার ?
তবু মাসে মাসে যদি এমনি করে অন্ততঃ চারশো পাচশো টাকাও
দাদাকে সাহায্য করতে পারি; তো অনেক উপকার। তাই তো
উনি বল্ছিলেন—বোঠান্ মুথ ফুটে যেন কারুর কাছে কিছু চান না,
তাই বলে কি নিজেদের বিবেচনা থাকবে না? যার যেমন শক্তি,
কাজ ক'রে তাঁকে সাহায্য করা উচিত। নইলে বসে অস্তিত্ত্ব
কেবল খাব আর ঘুমোব, তা করলে কী চলে? তোমারও তো
দিদি, হরি মণির জন্তে কিছু সংস্থান করে যাওয়া চাই। সর্বান্ত এমনি
করে উড়িয়ে পুড়িয়ে দিলে ত চলবে না। সত্যি করে বল দিদি, ঠিক
কী না!

সিন্ধে। তা সত্যি বৈ কি।

লৈলজা ইভিনধ্যে আঁচল হইতে চাবির রিংটা থুলির। সিদ্ধেখরীর পারের কাছে রাখিরা দিরা চলিরা বাইতেছিলেন: সিদ্ধেখরী ক্রোধে আগুল হইরা কোনরক্ষে আগুলংবরণ করিরা কহিলেন।

निष्य। धी की श्ला हार्ड वी?

শৈল্ভা ফিরিয়া কহিল।

- শৈল। পরের টাকার হিসেব রাখার মৃত বিতে বৃদ্ধি আমার নেই দিদি, ভাই কদিন ধরেই ভেবে দেখছিলুম, এ চাবি আর আমার কাছে রাখা ঠিক হবে না। অভাবেই মামুষের স্থভাব নই হয়, আমার অভাব চারিদিকে। মতিভ্রম হতে কভক্ষণ ? কী বল মেজদি?
- নয়ন। আমি তো তোমার কোন কথাতেই নেই ছোটবৌ! আমাকে আর মিছে জড়াও কেন?
- निष्क। मिछिमों। এতদিন হয়নি কেন? अनुरू भारे की ?
- শৈল। একটা জিনিস হয়নি বলে যে কথনো হবে মা, 'তারও তো কোন মানে নেই দিদি। এমনিই তো তোমাদের শুধু থাচ্ছি পরছি—ন। ' পারি, গতর দিয়ে সাহায্য করতে—না পারি, পর্যা দিয়ে সাহায্য করতে। কিন্তু তাই বলে কী চিরকাল করা ভালো?
- নিজে। এতো ভাল কবে থেকে হলি লা ? এতো ভাল মন্দের বিচার— এদ্দিন ডোর ছিল কোথায় ?
- শৈল। কেন শুধু শুধু কথা বাড়িয়ে শরীর থারাপ কর্ছ দিদি। তোমারও আর আমাদের নিয়ে ভাল লাগছে না, আমার নিজেরও আর ভাল লাগছে না।
- নয়ন। দিদির না হয় ভাল না লাগতে পারে কিন্তু তোমার ভাল লাগ ছে না কেন ছোটবৌ ?

निजया कराव ना पित्रा ठिनता याहेरछिहतन । निरस्त्रती हिठाहेश विनत्नन ।

দিছে। বলে যা পোড়ারম্থী, কবে বিদের হবি ? আমি হরির পুট দেবো। আমার সোনার সংসার—ঝগড়া বিবাদে একেবারে পুড়িরে কুড়িরে দিলি ? মেজবৌ কী সাধে বলে যে কোমরের জোর না থাকলে মাহুধের এত জোর হয় না ? কত টাকা—ওরে ! কত টাকা তুই খামার চুরি করেছিন্—তার হিসেব দিয়ে যা।

শৈলনা ফিরিয়া দাঁড়াইল। \ সে ব্যথার ফাটরা পড়িয়া বলিল।

र्मन। हिरमद मिरा वर्रा ना मिनि-हिरमद मिरा वर्रा ना-वामात्र मद हिरमद जून, वामात्र मद हिरमद जून!

কাদিতে কাদিতে প্ৰস্থান

সিছেবরী ক্ষোভে কাঁদিতে কাঁদিতে বলিলেন।

দিৰে। হতভাগীকে আমি এতটুকু:এনে মাহুষ করেছিলুম মেন্ধবৌ, দে আমাকে এমনি অপমান করে চলে গেল! কর্ত্তারা বাড়ী আহ্বন, ওকে যদি আন্ধ আমি উঠোনের মধ্যে জ্যান্ত না পুঁতি—তবে আমার নাম দিকেশবীই নয়—

মন্ত দুশ্ব

গিরীশের বসিবার ঘর

তথম রাত্রি ৯টা । গিরীশ মামলা সংক্রাপ্ত কাগৰপত মনোনিবেশ সহকারে পড়িতেছিলেন, এমন সময় হরলাল প্রবেশ করিল।

হবলাল। বাবু, ওনেছেন ?

গিরীশ। ই্যা ইন, ওনেছি। কাজের সময় বিরক্ত করিস্ নি। বড়মার কাছে যা—

হরলাল। আজে বড়মার কাছে গিয়ে ত কিছু হবে না, আপনি যদি— গিরীশ। তা আমি কি করব ? আমার বারায়ও কিছু হবে না। আমি ও সংসারের ব্যাপারে নেই— হরলাল। কিন্তু আগনি একটু নজর না দিলে বে সংসারটা ভেত্তে যার বার্—

গিরীশ। ছোট বৌমাকে বল্গে যা, তিনি সব জোড়া লাগিয়ে দেবেন।

হরলাল। আজে ছোট বৌমাকে জ অনেক করে বল্লাম, তিনি কিছুতেই যে রাজী হচ্ছেন না।

গিরীশ। তা' হলে আমি আর কী কর্মৰ ?

হরলাল। আপনি যদি অহমতি করেন, তা' হলে না হয়, আমিই ওঁলের সলে যাই।

গিরীশ। (বিরক্তভাবে) যাবে না ত কী ? আল্বং যাবে। দেখতে পাচ্ছ না যে আমি কাজ করছি।

হরলাল ছু:খিত মনে চলিয়া গেল। গিরীশ পুনরার কাজে মনোনিবেশ করিলেন। অপর দিক দিয়া রমেশ প্রবেশ করিল।

ব্ৰেশ। দাদা।

গিরীশ। কে ?--রমেশ। কী খবর---

রমেশ। আপনার কাছে একটা পরামর্শ করতে এলাম।

গিরীণ। (কাজ করিডে করিডে) বলো।

রমেশ। আমি ভাবছিলাম কি, বে আমি না হয় দিনক্তক দেশের বাড়ীতে গিয়েই থাকি।

গিরীশ। কেন ? ম্যালেরিয়া জর আর পেট জোড়া পিলে আন্বার অভে ?

ন্তমেশ। দেশে ত অনেকেই রয়েছে দাদা, শাবধানে থাক্লে ম্যালেরিয়া হবে কেন ?

গিরীশ। নাহ'লে থাক্তে পার।

রমেশ। বাড়ীতে না থাকলে এরপর ঘর-দোরগুলো পড়ে থেতে পারে, আর জমিজায়গাগুলোও নয়ছয় হয়ে যেতে পারে। তাছাড়া আমারও ত এখানে এখন কোন কাজ নেই, তাই ভাবছিলাম—

গিন্ধীশ। তা বেশ তো, মাণর্ও কলেজ এখন বন্ধ রয়েছে, সে যদি যেতে চায়, ত তাকেও নিয়ে যেতে পার।

রমেশ। आक्हा नाना। (রমে*• চলিয়া যাইতেছিল)

গিরীশ। আর দেখ, হরলালকেও সঙ্গে নাও। কখন কী দরকার হয় তাবলাযায় নাত।

ब्राम्भ। य जांद्य।

প্রহান

গিরীশ পুনরায় কাজে মনোনিবেশ করিলেন।

সিজেখরী প্রবেশ করিলেন

সিকেশরী। ওগো শুন্ছ ?---

গিরীশ নিক্সন্তর।

বলি ভন্তে পাচ্ছ ?

गित्रीन। माजा अ. माजा अ ककती काकी जाता ताद निरे।

নিজেশরী। তোমার কাজকর্ম করে লাভটা কী—আমায় বগতে পার ? কেবল শ্যোবের পালগুলোকে খাওয়াবার জতেই কি দিবারাত্র খেটে মরবে ?

গিরীশ। (কাগন্ধ হইতে মুখ না তুলিয়া) না, আর দেরী নেই— এইটুকু দেখে নিয়েই—চল খেতে যাচ্ছি।

নিজেমরী। থাওয়ার কথা কে ভোমাকে বল্ছে ? আমি বল্ছি ছোট বৌরা বে বেশ গুছিয়ে নিয়ে এ বাড়ী থেকে বেরিয়ে যাওয়াঞ্চ মতলব করেছে। এতদিন যে তাদের এত করলে, একদিনেই কি সব মিছে হয়ে গেল। দে ধবর শুনেছো কি ?

গিরীশ। হাা, হাা, শুনেছি বৈকি। ছোট বৌমাকে বেশ ভাল করে শুছিয়ে নিভে বল। কথন কি দরকার হয় বলা যায় না! হরলালকেও প্রদের সঙ্গে দাও। আর মণি যদি যেতে চায়—

দিকেশ্বরী। বলি, আমার একটা কথাও কি তোমার কানে তুল্তে নেই? আমি কি বল্ছি আর তুমি কি জবাব দিচ্ছ? ছোট বৌরা যে বাড়ী থেকে চলে যাচ্ছে।

গিরীশ। কোথায় যাচ্ছেন ?

সিদ্ধেশ্বরী। কোথায় যাচ্ছেন, তার আমি কি জানি,?

গিরীশ। ও-হো! মনে পড়েছে, মনে পড়েছে—দেশের বাড়ীতে।

নিদ্ধেররী। তাত যাচ্ছেন। কিন্তু তুমি তোমার ভবিশ্বতটা ভেবে দেখেছ কি ?

গিরীশ। বর্তমান নিয়ে এখন এত ব্যস্ত! যে'ভবিছাং ভাব্বার সময় নেই।

সিজেশ্বরী। তা ব্ঝেছি, নইলে আমার পোড়াকপাল এমন করে পুড়্বে কেন ?

গিরীশ। বলি তেত্রিশ বছর ঘর করে আন্ধ এটা হঠাৎ আবিদ্ধার কর্লে না কি ?

সিজেশরী। নয়ত কি ! আজ ধদি তুমি চক্ষ্ বৌজ, আমি না হয় কারুর বাড়ী দাসীরুত্তি ক'রে খাব। আর সে আমাকে কর্ত্তেই হবে, সে আমি বেশ জানি। কিছু আমার মণি হরি যে কোখার দাড়াবে ভার—

গিরীশ। হরে ! হরে কোথায় গেলিরে ?

সিছেবরী। হরিকে আবার ওধু ওধু ভাক্ছ কেন?

গিরীশ। শুধু শুধু ডাক্ছি! এর একটা ব্যবস্থা করা দরকার'। দিদ্ধেখরী। কি ব্যবস্থা করবে শুনি ? গিরীশ। বাতে লেখাপড়া শিখে মাহুষ হয়।

ইভিমধো হরিচরণ প্রবেশ করিল

হরিচরণ। আমায় ভাক্ছিলেন বাবা ?

গিরীশ। ই্যা, ভাক্ছিলুম। হারামজাদা, পাজী, ফের্ যদি তুই ঝগড়া করবি—ত ঘোড়ার চাব্ক তোর পিঠে ভাঙ্ব। লেখাপড়ার সক্ষে দেই, কেবল দিনরাত খেলা—খেলা—খেলা—আর ঝগড়া—
ঝগড়া—ঝগড়া ? মণি কই ?

হরিচরণ। (সভয়ে) জানি না।

গিরীশ। জানিস্না? মনে করেছিস্ তোদের বজ্জাতি আমি টের পাই নে? আমার সব দিকে নজর আছে তা জানিস্? কে তোদের পড়ায় ডাক্ তাকে—

হরিচরণ। আমাদের থার্ড মাষ্টার ধীরেন বাবু ত সকালে পড়িয়ে যান। গিরীশ। সকালে কেন? রাত্রে পড়ায় না কেন, গুনি? আমি চাইনে এমন মাষ্টার। যা মন দিয়ে পড় গে যা—হারামজাদা বজ্জাত!

হরিচরণ কাঁদ কাঁদ হইরা চলিয়া গেল-পিরীশ সিক্ষেবরীকে বলিলেব।

দেগ ছ আজকালকার মাষ্টারগুলোর স্বভাব! কেবল টাকা নেবে—
আর ফাঁকি দেবে। ভাল ক'রে পড়াবে না। শুদ্ধু ফাঁকি দেবার
মতলব। রমেশকে বলে দিও—কালই যেন, ও মাষ্টারকে জবাব
দিয়ে, পরাণ মাষ্টারকে রেখে দেয়। মনে করেছে আমার চোখে
ধুলো দিয়ে দে এড়িয়ে বাবে ?

দিকেখরী। ধূলো আর দেবে কি ? ধূলোয় ত তোমার ছ'টা চকু বুঁকে আছে।

থয়ান

기업자 가행

গিরীশের বাটীর অন্দরমহল

শৈল্যার ঘরের সামনে বারা, বিহানা ও সাংসারিক অক্তান্ত জিনিস্প্র এবং একটি হারিকেন পড়িয়া আছে। শৈল্যা একথানি চওড়া লাল পাড় নাড়িও গারে ততুপবৃক্ত কামা পরিয়া, কানাই ও পটনকে সেইরাণ করনা জামা কাণ্ড পরাইরা ঘরের বাহির হইয়াছেন—নীলা সভলনেত্রে তাহা লক্ষ্য করিতেছিল। রবেশ গাড়ী ভাকিতে গিয়াছিল, হরলাল তাহার প্রয়োজনীয় জিনিব আনিবার জন্ত গিয়ছে। নীলা আকারের স্ব্রে শৈল্যাকে বলিল।

নীলা। আমিও ভোমার দকে বাব ছোট খুড়িমা?

শৈল। আৰু আৰু আমাৰ সঙ্গে যায় না মা, এর পরে বেও---

নীলা। না। আমি আজই বাবো? তাহলে তুমি কানাই আর পটলকে নিয়ে যাচ্ছ কেন?

শৈল। ধরা কী আমায় ছেড়ে থাকতে পারে?

নীলা। না, পারে না বৈ কি ! সেবার তুমি যখন ভোমার মাসীমার বাড়ী পটলভালায় গেলে; কানাই, পটল ভো তখন মার কাছেই ছিল।

কানাই। সেই ভালো মা, দিদি তোমার সংশ বাক্—আমি বরং থাকি। শৈল। ভাহয় না কানাই। ভোমাকে পটলকে সংশ না নিয়ে, আমি যাবো না। ভোমরা আম্বাল বক্ত হুটু হয়েছো। कानारे। किष्टू पृष्टे, भी कत्रत्यां ना भां। पूर्मि वदः এमে वज्ञभात्क क्रिट्डम् कर्ता—।

নীলা। সেই ভালো! কানাই থাক—আমি যাই। তুমি চলে যেওনা ছোট খুড়িমা, আমি চট্ করে জামা কাণড়টা বদলে এক্নি আস্ছি। নীলার ক্রত প্রয়ান

কানাই। তাহলে আমি থাকি মা

শৈল। না, তোমাকে থাকতে হবে না। দিদির শরীর থারাপ তুমি তাঁকে বড় জালাতন কর, তোমাকে আমি কিছুতেই রেখে যাব না। চল, দিদিকে প্রণাম করে আদি।

শৈলজা কানিই ও পটলকে লইয়া ছু একপদ অগ্রসর হইতেই--হরলাল আসিয়া প্রবেশ করিল :

শৈল। গাড়ী এদেছে হবলাল ?

হর। হাা ছোট মা—! ছোটবাবু গাড়ীও নিমে এসেছেন, বাইরে অপেকা করছেন।

শৈল। তুমি ততক্ষণ মোটঘাটগুলো গাড়ীতে তুলে দাও। আর ছোট বার্কে বলো, দিদিকে এসে প্রণাম করে ষেতে।

হর। আছোমা।

रेननका कानाई ७ भटेनस्क नहेत्रा श्रद्धान कत्रिल।

হরণাল নোট লইরা বাহির হইতে বাইবে এমন সময় সিজেবরী আসিরা উপস্থিত হইলেন।

দিকে। ছোট বৌ কি সভিাই চলে বাচ্ছে হরলাল ? হর। গ্রামা, ছোটবাব্ গাড়ীও ডেকে এনেছেন। দিকে। আচ্ছা, তুইই বল্ হরলাল, কী এমন অক্সায় কথাটা আমি বলে- ছিলাম, মেন্সবৌ, না হয় অবুঝ, কিন্তু তুই তো অবুঝ নোদ্। তোকে ত আমি এতটুকু এনে মান্থৰ করেছি। তোর উপর বিখাদ করে আমি যে দর্পর ছেড়ে দিয়েছি, দে কেন ? তোর উপর জ্বোর আছে বলেই না ?

হর। সে তো ঠিক কথা।

সিদ্ধে। কিন্তু তুই সেই কথাটাকে ধরে বসে থাকলি! আমার মনের কথাটা ব্রতে পারলি না? যাক্, আমি কিছু বলতে চাই না, ধর্ম আছেন, ভগবান আছেন, তিনি এর বিচার করবেন।

হর। ছোট বাবুকে তাই তো বল্ছিলাম বড়মা। যে সংসারে থাক্তে গেলে, এ রকম তো হয়েই থাকে। তা আমার কথা তো আর তনলেন না।

সিজে। তুই বৃঝ্মান, তোকে আর কি বলব বাবা, সঙ্গে যথন যাচ্ছিদ্, দেখিদ—ওদের বাতে কোন অস্বিধা বা কট না হয়।

হর। সে আর বলতে! দেখবার জন্মেই তো যাচ্ছি বড় মা।

সিলে। পট্লাটা সন্ধোবেলা না থেয়েই ঘুমিয়ে পড়ে; তুলে না খাওয়ালে
—খাওয়াই হয় না। আবার কানাইটা আধ-পেটা থেয়ে উঠে পড়ে!

হর। ওর জন্ম তৃমি কিছু ভেবনা বড় মা, আমি সব দেখবো। যাই— গাড়ী এসে গিয়েছে—মোটঘাটগুলো তুলে দিই গে—

সিদ্ধে। ছোটবৌ বৃঝি ছেলে ছটোকে নিয়ে গাড়ীতে গিয়ে উঠেছে ?

হর। না, তিনি তো আপনাকে পেন্নাম কর্তে এই দিকেই গেলেন---

হরলাল মোট তুলিবার উজোগ করিল । সিক্ষেরী বলিলেন।

নিজে। আর পেরামে কাজ নেই। সকলের বড় হয়ে, আজ আমি
সকলের ছোট হয়ে আছি।

হরলাল ইতিমধ্যে মোট লইয়া চলিয়া গেল। অপর দিক হইতে গটল ও কানাইকে

লাইয়া শৈলজা প্রবেশ করিল। গলার আঁচরা দিরা সিজেবরীকে প্রণাম করিল। ইহার মাঝে রমেশও আস্থিরা উপস্থিত হইল। রমেশ প্রণাম করিল। শৈলজা কানাই ও পটলকে বলিলেন।

শৈল। বড় মাকে প্রণাম করো—

দিক্ষে। ওদের প্রণামের অপেকা আমি করবো না! ওদের ওপর আমার বে আশীর্কাদ আছে—তা চিরদিন থাকবে। (কাঁদিয়া) ওরা বড় হোক—মাহুধ হোক—হুথী হোক, কিছু এইটাই কি উচিত হলো ছোটবৌ? মার কাছ থেকে ছেলেকে ছিনিয়ে নিয়ে যাওয়া? আমি কিছু বলতে চাই না, যিনি দিনরাত কর্ছেন, তিনি এর বিচার করবেন।

> কানাই পটলকে সইরা রমেশ ও শৈলজা প্রস্থান করিল। সিক্ষেপরী উচ্চেম্বরে ক্রন্সন করিরা বলিতে লাগিলেন।

দিছে। কী এমন আমি বলেছিলুম, যার জন্তে এম্নি করে চলে যেতে হবে ? বড় হলে আমি না হয় পায়েই ধরিনি, ঘাট মানিনি, তাই বলে, ভূল যা করেছি—তা কি আমি স্বীকার করিনি, আমাকে না হয় 'বল্লেই হতো, দিদি এটা তোমার অন্তায় হয়েছে। আমি মেনে নিতুম। তাই বলে, ওই মা-মরা ছ'মাসের ছেলেটাকে, যাকে আমি বুকের কাছে রেখে দেড় বছরের করেছিলুম—তাকে এমনি করে নিয়ে যাওয়া ? তথন তুই ছিলি কোথায় ? আমিই তো তাকে মানুষ করেছিলুম।

ইতিমধ্যে নরনতারা প্রবেশ করিয়াও সমস্ত ব্যাপারটি দেখিয়া সিজেখরীর অফাতসারে প্রস্থান করিল।

অণর দিক দিরা নীলা ভাল জামাকাণড় পরিয়া সাজিয়া-গুজিয়া ব্যক্তভাবে আসিয়া বলিল। নীলা। ছোট খুড়িমা কোথায় গেলেন মা?

निष्क्रपत्री कॅाभित्रा कशिलन।

সিদ্ধে। ভারা চলে গেছে!

नीना। (कॅमिया) वा। ছाট খ्ডिमा हरन श्रतन-भटेन, कानाहे?

দিকে। (নীলাকে বুকের কাছে টানিয়া) তারা স্বাই চলে গেল মা!

नवारे ठल लान !

भीता। श्वामि य ছোট थूड़िमात मत्त्र यात्वा वत्त हूटि अनाम मा!

দিছে। (কাঁদিয়া) দে পাষাণী! ভাই নিয়েও গেল না! থেকেও গেল না!

তৃতীয় অঙ্ক

악의지 닷커

সিদ্ধেশবীর শয়ন কক।

তখন রাত্রি ১১টা-১২টা। সিদ্ধেশরী শ্যার উপর বালিশে হেলান দিরা বসিরাছিলেন।
তাঁহাকে আৰু অধিকতর ক্লান্ত, চিন্তিত ও উদ্বিগ্ন বলিরা মনে হইতেছে। থাটের অদুরে
একটি ইন্ধি-চেরারে বসিরা গিরীশ মনোবোগ সহকারে ব্রীক্ পাঠ করিতেছিলেন। পার্বে
একটি টেবিল ল্যাম্প অলিতেছিল।

দিক্ষে। কানাই-এর শোওয়া থারাপ, তাকে নিয়ে ওরা মেঝেয় শোয় কি থাটে শোয় কে জানে ? থাটে শোয়ালে, নিশ্চয়ই একদিন পড়ে গিয়ে হাত পাঁ ভাঙ্বে!

গিরীশ। (সহসা চম্কাইয়া) এঁয় ! কাব পা ভাঙ্ল ?

সিন্ধে। ভাঙেনি; কিন্তু খাট থেকে পড়ে গিয়ে ভাঙ্তে কভক্ষণ ?

গিরীশ। সরে বস।

দিক্ষে। আমি দরে বদতে গেলাম কেন ? কানাই-এর শোওয়া খারাপ তাই বলছি!

গিরীশ। ও।

দিছে। পট্লাটার রাত্রি বেলায় কিলে পায়, খুম থেকে উঠে ছটো রসমৃত্তি না থেলে তার খুম হয় না। মা-র যা হঁদ, তাকে উঠে খাওয়াবে কিনা কে জানে ? ছেলেটা হয় ত কিলেয় এতক্ষণ ছট্ফট কর্ছে— বল, ঠিক বলেছি কিনা ? গিরীশ। (অক্সমনস্ক হইয়া) তা হতে পারে।

দিদ্ধে। হতে পারে নয়,এ হয়ে বদে আছে—আমি দিব্যচকে দেখ তে পাচ্ছি। গিরীশ। তা হবে।

সিন্ধেররী। কিন্তু ওদের ভরসায়, এইভাবে কি ছেলে হু'টোকে ওখানে ফেলে রাখা উচিত ?

গিরীশ। কথনো নয়।

দিদ্ধেশরী। (অভিমানে) নয় ত মান্লুম। কিন্তু তার বাবস্থা কী করছ ? গিরীশ। যা হোক একটা কিছু কর্তে হবে।

নিজেমরী। কিন্তু সে কবে ?—আচ্ছা পটলকে শৈল না হয় নিয়ে গেল, কিন্তু কানাই ত আর তার পেটের ছেলে নম—সতীন পো! তার ওপর শৈলর জোর কী ?

গিরীশ। কিছুনা।

নিদ্ধেশরী। তা'হলে আমরা ত তার নামে নালিশ কর্তে পারি।

গিরীশ। পারি বৈ কি!

मिष्कचत्री। नानिश कत्रल निष्ठश्रहे जात्र मात्र। इत्त भ

গিবীশ। ত'় হবে !

সিদ্ধে। আচ্ছা সে যেন হলো, কিছু পটল ওর পেটের ছেলে হলে কী
হয় ? আমিই তো তাকে মাহুষ করেছি। হাকিমকে যদি বুঝিয়ে
বলা যায়, যে সে আমাকে ছাড়া থাকতে পারে না। তাছাড়া আমার
কথা ভেবে ভেবে তার শক্ত অহুব হতে পারে। তা'হলে হাকিম কী
রায় দেবে না—যে সে তার জ্যেচাইমার কাছে থাকুক।

সিজেবরী গিরীপের উত্তরের অপেক্ষা করিতে লাগিলেন, কিন্তু কোন সাড়া না পাওরার বিরক্তভাবে কছিলেন।

की वन्हि अनरक शाक्ष्य ना- ना?

গিরাশ। হাা।

मिक्त। वन्हि शिक्स की वाय प्राप्त ना ?

গিরীশ। নিশ্চয়ই না।

দিখে। কেন নয়? মা বলেই যে দে ছেলেকে মেরে ফেলবে, এমন তো কোন হকুম নেই—মেজঠাকুরপোকে দিয়ে কাল যদি উকিলের চিটি দেই—কী হয় তা হলে ?

গিরীণ। থুব ভাল হয়, কিন্তু কথায় কথায় যে অনেক রাত হয়ে গেল! শুয়ে পড়ো, শুয়ে পড়ো। আমি বরং কাগজপত্রগুলো নিয়ে ওঘরে পড়ি গে যাই।

সিদোশরী শয়ন করিতে করিতে বলিলেন।

দিছে। কাল যদি আমি মেজঠাকুরপোকে দিয়ে উকিলের চিঠি না দেওয়াই—তবে আমার নাম দিছেশবীই নয়। গিরীশ। এথন দিছিলতা গণেশ তোমার চোথে ঘুম দিলেই বাঁচি।

গিরীশ ঘর হইতে বাহির হইবার সময় দরজার কাছে স্ইচ্টি অফ্ করিয়া বিরা ঘর ছইতে বাহির হইরা গেলেন। মঞ্চী সম্পূর্ণ অন্ধকার হইরা গেল। কিন্তংকণ পরে ধীরে নিংটী আলোকিত হইল। দেখা গেল—সকাল হট্যাছে। সিন্ধেরী রাম্ভ ও চিন্ধিত মনে একাকী গাটের ওপর বসিয়া আছেন। হরিশ বান্ধভাবে ঘরে চুকিয়া কহিল।

ছবিশ। কী ব্যাপার বৌঠান ? দকালবেলাতেই তলব ?
দিক্ষে। একটা স্কল্পনী বিষয়ে পরামর্শের স্কল্পেন। বদ, মেস্কঠাকুরপো।

इतिन এकों। क्ष्माद वीनन ।

দিন্ধে। দেখা দেৱী করলে চলবে না। এক্ণি ছোট্ঠাকুরপোদের নামে একটা উকিলের চিঠি নিধে দরোলানকে দিয়ে পাঠিয়ে দাও। আরু চিঠির মধ্যে বেশ কড়া করে জানিয়ে দাও যে চবিলশ ঘণ্টার মধ্যে আমরা এর জবাব না পেলে নালিশ করবো।

হরিশ। কিন্তু ব্যাপারটা কী বলতো বৌঠান? কি কি জিনিস নিম্নে সরে পড়লো? গয়নাগাটি কিছু নিয়ে পালায় নি তো?

गिएक। ना।

হরিশ। নগদ টাকা ?

সিছে। তাওনা।

হরিশ। বাদনকোদন ? ধাবীটা একটু বেশা কবে দেওয়া চাই— বুঝালে না ?

সিদ্ধে। তা দাবাটা একটু বেশী ঠাকুরপো, তবে ওপর কিছু নয়। আমি
কানাই আর পট্লাকে ওদের কাছ থেকে ফিরিয়ে আনতে চাই।
কেন না, কানাই ছোটবৌয়ের পেটের ছেলে নয়। আর পট্লাকে
মানুষ করেছি আমি। কান্ডেই আমার অমতে ছোটবৌ তাদের
নিয়ে যেতে পারে না, এই আমার দাবী—এই আমার নালিশ।

হরিশ। তুমি কেপেছ বৌঠান ? থামি বলি বা আর কিছু, আরে তাদের ছেলে তায়া নিয়ে গেছে, তা তুমি করবে কী ?

সিজে। তা তোমার দাদা যে বল্লেন—নালিশ করলে তাদের সাজা হয়ে যাবে ?

হরিশ। দাদা এমন কথা বলতেই পারেন না। ভোমাকে ভাষাসা করছেন—

নিধ্বে। এতটা বয়েদ হলো তামানা কাকে বলে বুঝি না ঠাকুরপো! তোমার মনোগত ইচ্ছা নয় যে, ছেলে ছ্'টোকে আমার কাছে আনি—তাই কেন স্পষ্ট করে বল না ?

इतिन। जूमि जून तूबह (वीठान,! এই नित्र नानिन চলে ना।

- সিঙ্কে। বেশ, তুমি না পার, আমি মণিকে পাঠিয়ে নগেন উক্লির কাছ থেকে লিখিয়ে আনছি।
- হরিশ। কোন উকিলই এই ব্যাপার নিমে চিঠি দেবে না বৌঠান।
 তবে তাকে যদি জব্দ করতে চাও—তাহলে অক্ত কোন দাবী দাওয়া
 উত্থাপন করে বা বিষয় সম্পত্তির ব্যাপার নিমে তাকে জব্দ করা যেতে
 পারে। আর আমাদের উঠিতও এখন তাই করা।
- দিক্ষে। তোমার উচিত তোমার থাক ঠাকুরপো! আমার তিনকাল গিয়ে এককালে ঠেকেছে—এখন আমি মিথ্যে দাবী-দাওয়া উত্থাপন করতে পারবো না।—

হরিণ। তবে আমি আর কী করব?

হরিশ প্রস্থান করিল। সিদ্ধেশরী সেইভাবেই বসিয়া রহিংলন।
অপর দিক হইতে সরকার গণেশ চক্রবর্তী প্রবেশ করিলেন।

गर्णण। या!

मिक्ता (क ? अ-गरनम !

গণেশ। शा मा, এই हिम्तवि।-

- সিঙ্গে। দেখ গণেশ, ভোমার কী হিসেব দেবার একটা সময় অসময় নেই ?—
- গণেশ। কী করি মা! আপনাদের টাকা নিয়ে নাড়া-চাড়া করি; গরীব মাহ্য, পাছে টাকা পয়সার গণ্ডগোল হয়ে যায়, ভাই তাড়াতাড়ি হিসেব-নিকেশ বুঝিয়ে দিয়ে খালাস হতে চাই—
- দিজে। কিন্তু আমারও ত একটা সময়-অসময় আছে গণেশ। দাও কী হিদেব দেবে, দাও—
- গণেশ। আপনি আমায় খরচের জল্পে যা দিয়েছিলেন—তার মধ্যে
 মণিহারী দোকানে বাকী ছিল বারো টাকা, মেজমার ছেলেমেরেদের

স্থলের মাইনে বাবদ দিয়েছি তিরিশ টাকা, আর খুচরা ধরচ হয়েছে আট টাকা। বাজারে দেনা আছে হ'টাকা।

সিছে। বারো গণ্ডা টাকা আমি তোমায় দিলাম, তাতেও আবার দেন। রেখে এলে গণেশ ?

গণেশ। আজে মেজমার ক'টা খুচরো জিনিব কিন্তে ঘটাকা দেনা-হয়ে গেল!

সিদ্ধে। তাহলে মোট থরচ হলো কত ডাই ভনি-

গণেশ। আজে পঞ্চাশ টাকা!

দিদ্ধে। দেব গণেশ, আমি লেখা-পড়া ঝানিনে বলেই যে তুমি আমাকে বোকা বৃথিয়ে যাবে —তা মনে করো না। বাবো গণ্ডার ওপর মোটে তৃটি টাকা বেশী থবচা হয়েছে বলে পঞ্চাশটা টাকা সবই থবচ হয়েও গেছে! আর কিছু নেই!

গণেশ। সত্যি আর কিচ্ছু নেই—বরং ঘুটাকা ধার হয়েছে।

সিদ্ধে। তা হলে তুমি বল্তে চাও--এই বারো গণ্ডা-টাকার উপর আরে।
ত'টাকা ধার হয়েছে।

গণেশ। আত্তে है।। विचान ना इब्र मिमिमिनिटक एउटक हिरमवर्छ।---

সিকে। নীলাকে ডেকে হিসেব ব্ঝতে হবে? সে কি আমার চেয়ে বেশী ব্ঝবে? না গণেশ, ওসব ভাল কথা নয়। শৈল নেই বলেই যে তোমরা যা ইচ্ছা তাই করে হিসেব দেবে, তা হবে না। সে বিদি আল থাকতো—তাহলে, কি আল আমাকে এত ঝথাট পোয়াতে হতো—পোড়ারম্থীকে দশ বছরের বৌ করে ঘরে আনল্ম, ব্কে করে মামুল করল্ম, এখন সে তেজ করে বাড়ীর ছ ঘটো ছেলেকে নিয়ে চলে গেল! তা যাক, আমিও ধবর রাখছি; কানাই পটলের যদি কোনদিন এতটুকু অমুধ হয়েছে শুনতে পাই—ভাহলে দেশব

দেদিন, কেমন করে সে ছেলে ছটোকে আট্কে রাথে ? তা দাঁড়িয়ে রইলে কেন গণেশ ? এখন যাও। ছপুর বেলা মনে করে বলে যেও—

এত গুলোটাকা কি করলে।

গণেশ। আক্রামা।

গণেশের প্রস্থান

অপর দিক দিয়া নয়ন গারার প্রবেশ

नयन। গণেশকে की वल्हिएल मिनि?

শিদে। এই হিদেব-পত্তর ; যে ঝঞ্চাট আমি মোটেই সহ্ করতে পারি না।

্নয়ন। তা বেশ তো, তুনিই বা এত ঝঞ্চাট সহু করবে কেন ? ছোটবৌ না হয় নেই কিন্তু আমি তো রয়েছি। তুমি যদি বলো তাহলে আমিই না হয় কাল থেকে হিদেব পত্তর দেখবো। আমার কাছে কারুর চালাকী করে ভুল হিমাব দেবার উপায় নেই।—

সিদ্ধে। তা বেশ তো, কাল থেকে তুমিই হিসেব রেখো মেজবৌ! আমার এই অহথ শরীরে এত হালামা ভাল লাগে না। শৈল ছিল, বেখান-কার যত টাকা—ভার হিশেব রাখা, থরচ করা, এ সমস্ত সেই করত। এ সমস্ত কী আমার বারা হয় ? বেশ তে। এখন থেকে না হয়— তুমিই এ সব করো মেজবৌ।

সিজেশরীর আঁচলের চাবিটী হাতে ছিল, নয়নতারা হাত বাডাইলেন, ভাবিলেন, তিনি বোধহর চাবিটি তাহাকে দিবেন কিন্তু সিজেশরী চাবিটী তো তাহাকে দিলেনই না উপরত্ত চাবিটী আঁচলে আরো শব্দ করিয়া বাধিয়া কাঁধের উপর ফেলিলেন।

দ্বিভীয় দুশ্ব

ছোট বিফুপুর গ্রাম। বমেশদের পৈতৃক বাড়ী

জ্পরমহল, উঠানের মাঝগানে পাতকুলা, ছই দিকে ঘরের সংলগ্ন থোলা দালাৰ।
বাড়ীটীর চারিদিকে পাঁচিল দিয়ে ঘেরা। তথন অপরাছ। উঠানের মাঝে একটা প্রেট্ন লোক অবেশ করিল—ভাগের নাম বেগারী। তাগার সাঞ্জ্যকা অভুত রক্ষের, গারে বছবিধ রক্ষের একটা বেনিলান, পরণে গৈরিকবাস, হাতে ও গলার কড়ির মালা, গলার ছোট একটা চামর ঝুলিভেছে, পারে ঝাঝর, মাঝার চুল চুড়া করিলা বাধা—ভাগতে মর্বপুদ্ধ পোঁলা, সহ্যা বৃত্যের ভালিতে উঠানের মাঝে অবেশ করিলা আপন মনেই বলিল।

বেহারী: রোগ বালাই দ্রে যাক্। কর্ত্তা গিল্লী স্থথে থাক্ দ সংসারের হোক বার-বাড়স্ত। আমি যেন হই পদমধ্য।

এই कथा छान वनात्र मन्त्र मन्त्र रहनान करवन कतिहा विनन !

হর। ওচে পয়মন্ত। আতে আতে দরে পড় দেবি---বেহারী। আমি এলে ডুমি ওরকম কর কেন বদ দেবি ?

- হর। সময় নেই, অসময় নেই, তুমিই বা ওরকম সুমুর বাঞ্জিরে আস কেন বল দেখি ?
- 'বেহারী। বেশ করি আসি। মাঠাককণ দাদাবাবুরা ভালবাদেন ভাই
 আসি।
- হর। তা অন্ত দিন এসো, আজ এখন যাও। ছেলে ছটো জারে কো কোঁ করছে, মা তাদের কাছে বসে আছেন, আজ আর দেখা হবে না।

বেহারী। তোমার কথায় দেখা হবে না? বলি, তুমি কি বাড়ীর কর্তা। নাকি?

हत। आः मत् । जातात (ठाभा करत् १ (तरता त्तारता—तन्छि।

বেহারী। থবরদার । অমন কথা বলবে না বলে দিচ্ছি, পাঁচথানা গাঁয়ের লোক আমাকে বলে পয়মন্ত, আমার কল্যাণে হয় লোকের বাড়-বাড়স্ত । আর আমাকে বলে কিনা বেরো—

ছর। বেশ করি বলি—কেন তুই সময় নেই অসময় নেই আসিদ্? বেহারী। বেশ করবো—আসবো।

বগড়া শুনিরা, ঘর হইতে বাহির হইয়া শৈললা কহিলেন।

रेपन। कात मरक यशका कर्न्छ इतनान ?

বেছারী পারের ওপর পা দিয়া কৃষ্ণের অমুরূপ ভঙ্গিতে দাঁড়াইয়া কহিল।

বেহারী। মা গো! জোমার এই পয়মস্ত ছেলের সঙ্গে ঝগড়া করছে মা! হর। পয়মস্ত তো কতো! ছেলে ফুটো রোগে ভূগ্ছে, ভিটে-মাটি নিম্নে মাম্লা চলছে, বাবুর আমার শরীরের দিকে চাওয়া যায় না—

শৈল। আ: ! হরলাল ! তার জন্ম ও কি করবে ? অদৃষ্ট ছাড়া কি মাহবের পথ আছে ?

(वहाती। उदवह वनना मा!

- লৈল। তুমি কাল এসো বেহারী। ছেলে হুটোর আজ আবার খুব।

 জর এসেছে। কাল বরং ভোমার ঘোড়া নিয়ে এসো—গুরা

 গান শুনবে।
- বেহারী। দেই ভালো। ঘোডা আমি বাইরে বেঁধে রেখে দাদাবার্-দের ধবরটা নিতে এলাম। দাদাবার্বা আমার গান ভনতে বড্ড-

ভালবাদে কিনা? আচ্ছা, তাহলে আজ আমি আদি মা। কাক আবার আদবো।

বেহারী সৃত্যের ভবিষার চালরা বাইতেছিল, তার যুন্দের আওরাজে কানাই ও পটল মুড়িস্ট্ড দিয়া কাঁপিতে কাঁপিতে আসিরা উপস্থিত হইল। তাহাদের দেখিরা বেহারী সানন্দে ফিরিয়া কহিল।

বেহারী। এসো এসো, দাদাবাসুরা এসো। বড্ড জর হয়েছে ওনছি ? এসো—ভোমাদের মাথায় ঠাকুরের চামর সুলিয়ে দিই—সব রোগ। বালাই ভাল হয়ে যাবে।

> গলার বাধা চামরটি কানাই ও পটলের মাখাত ব্লাইরা দিয়া আগেকাবের ছড়াট পুনরার আঙুদ্ধি করিল।

> > বোগ বালাই দূবে যাক্।
> > কঠা গিলী স্থে থাক্ ॥
> > সংসাবের হোক বার-বাড়স্ত।
> > আমি যেন হই প্যমস্ত ॥

পটল। আৰু তোমার ঘোড়া আননি বেহারী?
বেহারী। ই্যা এনেছি বৈ কি ! বাইরে বেঁধে রেধেছি—ঘাস থাছে।
কানাই। তা তোমার ঘোড়াটাকে আনো না ? একটু গান শুনি।
বেহারী। (সানন্দে) শুনবে ? তা আনি।

বেহারী সূত্যর ভলিমার চলিরা গেল।

হরলাল সজোধে কহিল।

হর। ঐ জন্মই ত ওটাকে তাড়াতে চাইছিলাম। ওকে দেখলে দাদাবাব্রা ছাড়তে চায় না। একে দ্ব করে কাপছে। ভার ওপক বদে বদে বান গুনলে—কুর আরো বেড়ে যাবে না?

শৈল। গান শুনলে কি আর এমন হবে হরলাল ? ওতে তরু ওদের
মনটা ভূলে থাকবে। প্রেথানে একবাড়ী ছেলেমেয়ের মধ্যে ওরা
থাকতো, আর এথানে এসে সন্ধী না পেয়ে, মনমরা হয়ে থেকেই
আরও ওদের রোগ সারছে না।

হর। সবই বৃঝি মা! কিন্তু সংসারের অবস্থা দেখে, ভয় হয়! একে
মেজবাবু মামলা মোকদমা করলো; তাই নিয়ে ছোটবাবৃকে কোট

ঘর করতে হচ্ছে। তার ওপর আবার এই ছেলেদের অস্থ্য, রোগের

ওম্ধপত্তি, মামলার থরচ, কোণা থেকে যে কি হবে আমি ভ্রধ্
তাই ভাবছি।

েশৈল। ভেবে লাভ নেই হরলাল।

ইতিমধ্যে বেহারী ঘোড়ায় চডিয়া আসিল। ঘোড়া অর্থাৎ ঘোড়ায় অমুরূপ বৃহৎ পুতুল কোমরের সঙ্গে বাধিয়া নাচিতে নাচিতে প্রবেশ করিল।

বেহারীর গান

ত্রেভা যুগে যজ্ঞ-ঘোড়া ধরেছিল লব
(ওগো) রামচন্দ্রের কারিকুরি ধরেছিল সব ।
সে ঘোড়া ধরা দিরে, ধরে আনে—
বাপের বেটা'কে।—
বলো না, সেই পগুটী জাসল কিনা
মিলন ঘটাতে।
এ ঘোড়া খারনা কো ঘাস—
বর বারো মাস,
লোকের বাড়ী বাড়ী—
(আর) হুঃখ নিরে ছুটে পালার—
আনে পরের কাঁড়ি।

বেহারী যোড়া লইয়া নাচিয়া নাচিয়া গান গাছিল। তাহার গান তানিয়া কানাই ও পটলের মুখ-হাসিতে ভরিয়া গেল। চেলেদের মুখে হাসি দেখিয়া শৈলফা ও হরলালের মুখেও হাসি ফুটরা উটিল।

গীতান্তে বেহারী উচ্চেম্বরে ক্ছিল।

८वटाती।

ठन् (घाड़ा—इटि ठन् त्वाग वानाडे नित्य ठन्, खावाव खान्ति वत्व— भय खानि चत्व ॥ ट्याहे-ट्याहे-ट्याहे-ट्याहे--

যোড়া হাঁকাইবার মত করিয়া বেহারী মুহূর্ত্ত মুখে দৃশ্য হইতে অস্তর্ভিত হইল ৮
কানাই ও শুটল সমগরে কহিল।

কানাই ও পটন। আবার এদে বেহারী। আবার এদো-

ভূতীয় দৃশ্য

গিরীশের ডুইং রুম

ভথন বৈৰুলে। হারণ সবেমাত্র কোট হইতে ফিরিরা নয়নতারার সহিত কথা কহিতেছেন।

হুরিশ। এত ত করে, কিন্তু বৌঠানের কাচ থেকে চাবিটি ত আছও আদায় কর্তে পার্লে না।

নয়ন। দেখ না পারি কিনা? সংসারের হিসেব হাতে নিয়েছি। চাবি হাতে আস্তে আর কুতক্ণ? হরিশ। দেখো, 'সব ভোমার আর চাবিকাঠিটি আমার', এই প্রবাদ-বাক্যটি বৌঠান না ভোমার ওপর দিয়ে চালান।

নয়ন। হ'় চালালেই হোল। মনে রেখো—আমি উকিলের বউ। হরিশ। তুমিও মনে রেখো—বৌঠানও উকিলের বউ।

নয়ন। সে কথা মানি। কিন্তু দিদির মত আমি একেবারে নীরেট্ নই । পেটে আমার একটু বিছে আছে। ছোট বৌ ঐ বিছেটুকুর জোরেই দিদিকে ঠকিয়ে বেশ কিছু গুছিয়ে নিয়েু সরে পড়েছে—

হরিশ। দেথ, তুমি যদি কিছু গোছাতে পার।

নয়ন। আমি ঠিক আছি। এখন তুমি মামলায় জিত্লে তবেই বুঝব।

হরিশ। মামলায় জিত্তো হবেই—

নয়ন। ছোটঠাকুরপো ভাগ বদাতে পরিবে না ?

হরিশ। এক কাণা কড়িও না। তবে ই্যা, বিদেশ থেকে সময় মত সংসাবে এসে না চুক্লে—রমেশ আমাদের একই পরিবারের গোক হিসেবে একটা ভাগ আদাধ করত—সে বিষয় সন্দেহ নেই।

নয়ন। তাই ব্ঝি চুঁচড়ার জাল গুটিয়ে তাড়াভাড়ি চলে এলে ?

হরিশ। এটা স্বার ব্রুতে পারলে না? নইলে স্বতোদিনের প্র্যাক্টিস্টা ছেড়ে, তাড়াতাড়ি কি স্বার কলকা তায় চলে স্বাসি? স্বার দিনকতক পরে এলে, দাদা নিজেই হয়ত তাকে একটা ভাগ লিখে দিভেন ৮ বিষয়সম্পত্তি যা করেছেন সে তো দাদা নিজে রোজগার করে; তাঁর বিষয় তিনি যাকে খুসী তাকে দিয়ে যেতে পারেন। দেখলাম, রমেশকে তিনি যে রকম ভালবাসেন, তাতে এখানে এসে মাথা না-গলালে স্বায় উপায় ছিল না।

নমন। প্রত্যি, ভোমার কি মাথা ! এমন না হলে উকীল !

কবিশ। তাই গয়লা নম্বর তাকে এখান থেকে তাড়ালাম, দোস্বা নম্বর দেশের বাড়ী থেকে তাড়ানোরও চেষ্টা চল্ছে—নইলে সেখানে থাকলেও একই পরিবারভূক্ত প্রমাণ করা তার পক্ষে অম্ববিধা হবে না। খুড় তৃতো ভাই, সে যে মুফাংসে দাদার বিষয়ে ভাগ বসাবে এ আমি কিছুতেই হতে দেব না—

অদুরে সিজেখরীকে আসিতে দেখিয়া

নয়ন। চুপ্দিদি মাস্ছেন (ঈষং উচ্চকঠে) দিদির যা শরীর হয়েছে কতদিনে যে সেরে উঠবেন তা জানি না। ভাক্তারি ত আনেকদিন হ'লো এবার একজন ভাল কবিরাজকে দেখালে হয় না গ

নঃনতারার কথার মাখেই সিংশ্বরীর অবেশ

- সিদ্ধে। ভাক্তার বৃত্তি দেখিয়ে আর কী হবে মেন্সবৌ ? জব জালা ত এখন ভাল হয়ে গিয়েছে।
- নয়ন। জরটাই না হয় ছেড়েছে, কিন্তু জন্ম উপদর্গ ত লেগেই রয়েছে। হরিশ। সে উপদর্গ ত আর একদিনেই যাবার নয় মেজবৌ! ভুগতে কিছুদিন সময় লাগ্বে ত!
- দিছে। ঠিক বলেছ—মেজ ঠাকুরপো! এ আমার মনের উপদর্গ!
 কিছুতেই ওদের ভূলতে পারছি না। বে আঘাত ওরা আমাকে
 দিয়ে গেছে, যিনি মাথার ওপর দিনরাত্রি করছেন তিনিই তার
 বিচার করবেন।
- ত্রিশ। তোষার মনে ওরা যে কট দিয়েছে বৌঠান, আমি যদি তার শোধ তুলতে না পারি, ত আমার নামই নয়। রমেশ এতবড় নেমক্-হারাম যে আমাদের পেয়েপরে মাহ্ব হ'য়ে, শেবে কিনা আমাদেরই নামে মাম্লা করেঁ!

- দিলে। বল কি মেজ ঠাকুরপো! ছোট ঠাকুরপো তোমাদের নামে।
 মাম্লা করেছে ?
- হরিশ। ইয়া। দেওয়ানী ত আছেই—উপরস্ক গোটা তুই ফৌজনারীও চপ্ছে।
- পিছে। (সবিশ্বয়ে) বল কি!
- হরিশ। স্থা। দাদাকে ভালমান্ত্র পেমে, ও বা ইচ্ছে তাই আরম্ভ করেছে। তাই মামলা মোকদমা চালানোর ভার আমি নিজের হাতে নিয়েছি।
- সিদ্ধে। কিন্তু আমার যে কিছুতেই বিশ্বাস হচ্ছে না মেজ ঠাকুরপো! দে এত বেইমানী করতে সাহস করলে কী করে? এখনও যে চক্র সুষ্য উঠছে—
- নয়ন। সে ত উঠ্ছেই, আর ছোট দেওরের তোমরা কী না করেছ পূ গাইয়ে পরিয়ে মাহায করেছ, লেখাপড়া শিখিয়েছ, হাজার হাজার টাকা ব্যবদা কর্তে দিয়েছ। ব্যবদা করার নাম করে তখন ত আর ব্যবদা করেনি—টাকাগুলো জমিয়ে রেখেছিলো। এখন দেই টাকার জোরে মামলা লড় ছে—

সিন্ধে। তা মামলা কেন?

ছরিশ। দেখলুম, দেশের বিষয়ই বিষয়। আমাদের অবর্ত্তমানে, আমাদের মণি হরি বিপিন এরা এককাঠা জায়গা-জমি ত পাবেই না, এমন কি দেশের বাড়ীতে পর্যান্ত চুক্তে পাবে না। দেশে যা কিছু আছে—দে সমস্ত সেই ত দখল করে আছে। খাজনাপত্র আদায় কর্ছে, খাচ্ছে-দাচ্ছে একটা পয়সা দেবার নাম করে না। বিষয় যা কিছু সে ত দাদাই করেছেন অথচ সে আজ দাদার চিঠির জবাব পর্যান্ত দেয় না—এমনি নেমক্হারাম। আমারও প্রতিজ্ঞা! ওকে আমি বাড়ী থেকে বার করে দিয়ে তবে ছাড়ব।

সিদ্ধে। তা হ'লে ওরাই বা ছেলেপুলে ানয়ে যাবে কোথায় ?

হরিশ। দে থবরে ত আমাদের দরকার নেই বৌঠান!

সিকে। তা তোমার দাদা কী বল্লেন ?

হবিশ। দাদা যদি তেমন হতেন, তা'হলে আর ভাবনা কী ছিলো।
বৌঠান! তাকে হথন চোথে আঙ্কুল দিয়ে দেখিয়ে দিলাম, তাঁক টাকায়, তাঁর পেয়ে পরে মান্তুম হয়ে মাজ তাঁরই বিষয় নিয়ে গোল-যোগ বাধিয়েছে, তথন তিনি মত দিলেন। ফৌজদারীতে রমেশ ত দাদাকেও জড়িয়ে ফেল্বার চেষ্টায় ছিল। গনেক কটে সেটা আমায়-কাঁশাতে হয়েছে।

নয়ন। আচ্ছা, ছোট ঠাকুরপো না হয় দোষী। কৃত্তি আমি কেবল ভাবি
দিদি, ছোটবৌ—ভোটবৌ এতে মত দিলে কি করে? আমরা আর স্বাই না হয় ছুষ্টু বজ্জাত হতে পারি কিন্তু—

নেপথে গিরীশের গলা শোনা গেল---

গিরীশ। হরিণ, হরিণ-

গিরীশের গলা শুনিয়া নরনতারা ঘোন্টা দিয়া পাশের ঘরে চলিরা গেলেনী।
পিরীশেও সজে সঙ্গে খরের মধ্যে অবেশ করিলেন।

গিরীল। দেখ, হরিশ, কালকে আমাকে একবার দেশে থেতে হচ্ছে— হরিশ। দেশে যাবেন ?

গিরীশ। ইাা, যেতেই হবে। বিনোদ ঠাকুরদা, বারবার করে বলে।
গেছেন; হাজার হোক আমাদের জ্ঞাতি কুটুখ—তাঁর মেয়ে নেই,
জামাই নেই, ঐ একটি মাত্র নাত্নী, তার বিয়ে, না গেলে বড্ড ছাথ করবেন।

হরিল। কিন্ত জ্মপুরের মরেলদের যে কাল আসবার কথা আছে দাদা---

गितीम। जा जामरव वरन जात कि कत्रव ?

হরিশ। আপনার বোধহয় মনে নেই দাদা, কাল তাদের মাম্লার দিন—
গিরীশ। তা আর কি করব ? তুমিই না হয় কোনরকমে চালিয়ে
নিও—

হরিশ। তাকি হয়? তারাবে—

গিরীশ। অসম্ভষ্ট হবেন ? তা আমি একা মান্তম; সকলকে ত আর সম্ভষ্ট করতে পারি না। উকীল হয়ে পর্যান্তই ত মিছে কথা বলে আস্ছি। আজু নাহয় কথা দিয়ে, একটা কথাও রাখি।

দিৰে। ঠিকই ত! কেবল কাজ—কাজ করে বেড়ালেই ত হবে না। লোক-লৌকিকতা এগুলোও ত রাখতে হবে।

পিরীশ। ঠিক—ঠিক্; (দিদ্ধেখরীর নিকট আগাইয়া গিয়া) তা তুমি আজ কেমন আছো ?

সিদ্ধে। তবু ভাল—জিজ্ঞাদা করলে !

- গিরীশ। বিলক্ষণ! জিজ্ঞাসা করিনে? এই ত পরও দিন মণীকে ডেকে বল্লুম—মণি তোর মাকে ঠিকমত ওর্ধ-টোষধ দিদ্ ত ? তা আজকালকার ছেলেগুলো হয়েছে এমনি যে বাপ মাকে পথ্যস্থ মানে না!
- সিদ্ধে। দেখ, বুড়ো বয়সে মিথো কথাগুলো আর বলো না! পনের দিন হয়ে গেল—মণি তার পিসীর ওখানে এলাহাবাদে গেছে—আর তুমি তাকে পরশু দিন জিজ্ঞাসা করলে কি করে ভনি?—তা যাক, কিছ ছোট ঠাকুরপোর সকে যে মামলা হচ্ছে—কই. এ কথা ভ তুমি এতদিন আমায় বল নি?
- গিরীশ। আরে মামলা ত হবেই। সেটা একটা চোর—চোর!

 একেবারে লক্ষীছাড়া হয়ে গেছে। বিষয়-আশয় সব নট করে ফেছে।

সেটাকে দূর কুরে না দিলে আর ভত্ত নেই। সমন্ত ছারখার করে দিলে—

নিছে। আচ্ছা তা থেন দিলে। কিন্তু মামলা মোকদমা ত আর তথু তথু হয় না টাকা থবচ করা চাই ত! ছোট ঠাকুরপো টাকা পাচ্ছে কোথা থেকে ?

হরিশ। কেন? মেজবৌ ত তোমায় একটু আগেই বললেন বৌঠান!
পাটের দালালির নাম করে দাদার কাছ থেকে যে হাজার চারেক
টাকা নিয়েছিলো—দেটা ত তার হাতে আছে। তাছাড়া ছোট
বৌমার হাতেই,ত এতদিন দংসারের টাকাকড়ি সমন্তই ছিল; বুবেই
দেখ না—কোথা থেকে টাকা পাছে।

গিরীশ উর্ভেঞ্চিভভাবে বলিলেন।

গিরীশ। আমার দর্বস্থ নিয়ে গেছে! কিছু কী রেখে গেছে? দেটা একটা বেহেট্ লন্দ্রীছাড়া হয়ে গেছে। কিছু দিন আগে কোটে এসে বলে, বাড়ী ঘরদোর দব মেরামত করতে হবেঁ—শাচশ টাকা চাই।

হরিশ। বলেন কী? সাহস তোকম নয়!

গিরীশ। সাহস বলে সাহস! একেবারে লখা ফর্দ, এখানটা সারাজে হবে, ওখানটা গাঁথ তে হবে। এটা না বদ্লালে নয়, ওটা না করলেই চলে না। আরে ওধু কী ডাই ? তার ওপর বলে কিনা, সংসারের অনটন, শীতের কাপড় চোপড় কিনতে হবে, আলু, ধান কিনে রাখতে হবে। এমনি হাজারও ধরচ দেখিয়ে—

হরিশ। নির্লজ—ভারপরে?

গিরীশ। নিল্ল, বলে নিল্ল, লুক্ষা সহম একেবারে নেই! ফর্মটর্ম দেখিয়ে ঠিক আটশ টাকা নিয়ে তবে ছাড় লো—

इर्तिन । निरम् श्रम ! जाननि । जारक जावाद हाका विरमन ?

গিরীণ। না দিয়ে আর উপায় কী?

ত্রিশ। তাহলে আর মামলা মোকদ্দমা করে লাভ কী দাদা?

গিরীশ। না না, কিছু লাভ নেই। নিজের সংসার যে চালিয়ে নেবে,
হতভাগার সেট্রুও ক্ষমতা নেই—এমনি অপদার্থ হয়ে গেছে।
তনলাম বৈঠকগানায় দিলি আড্ডা বসিয়ে দিন রাত তাস পাশা
চলছে—আর পাল্ডেন। বাস। মানুষ যেমন শিব-স্থাপনা করে,
আমাদেরও:হয়েছে তাই, ব্রলে না হরিশ, আমাদেরও হয়েছে তাই।

কথাগুলি বলিরা গিরীশ হো হো করিয়া হাসিবা ডটিলেন।

তরিশ। (বিবক্তভাবে) আচ্চা। আমি একাই দেখছি। প্রস্থান সিন্ধেখনী করে ধীরে স্বামীর নিকট মাসিরা কহিলেন।

ঁসিন্ধে। (কাদিয়া) কাল যথন দেশেই যাক্ত, তথন ছেলে ছটোৰে—— গিশীল। আচ্ছা আচ্ছা, সে হবে এখন।

চত্ত্ৰ্গ দুশ্য

রমেশদেব পৈতৃক বাডীব একটা ঘর।

বরটি সামাল আসবাব পত্রে সাজালো। সহরের বাক যে শৈলজার রূপ আমরঃ দেখিরা আসিরাছি, এখানে তাহার সম্পুণ পরিবর্ত্তন ঘটিরাছে। শৈলজা এখন সম্পুণ গ্রামা-বধু। তাহার ঘরেও গ্রামাছাপ ফ্পরিক্টা। একটা জলচৌকির ওপর গোপালের মুর্বি। তাহারই সম্পুণে বসিরা শৈলজাকে ধানেছ দেখা গোল। শৈলজা ঠাকুরকে প্রশাম করিয়া ধীরে মাধাটা তুলিল। দেখা গোল- ভাহার ছুচকু দিয়া অবিরক্ত তল গণাইতেছে। অক্সে তাহার কোন গহনা নাই। মাত্ত এক লোডা বালা ঠাকুরের সমক্তলে পড়িয়া আছে। শশকা বাধিত চিত্তে কহিল।

লৈল। ঠাকুর আর আমাস কিছে নেই, শেষ সম্বল এই এক জোড়া বালা। এই নিয়ে এবার বেমন করেই হোক আমায় নিছাত দাও। রমেশ মোকদমার কর্মক্রিণত লইরা ব্রুরে ধীরে তাহার পশ্চতে আসিরা বাঁড়াইল । শৈলজা তাহাকেশ্ববিতে পাইলেকুমা। যথারীতি ঠাকুরকে বলিতে লাগিক্রক

আমার ছেলেরা রোগে ভ্গছে, পরদার অভাবে পত্তি পাছে না, চিকিৎনা হচ্ছে না। আমার স্বামী হৃশ্চিস্তায় ক্লালদার হয়ে গেছেন। এবার আমাকে নিক্ষতি দাও ঠাকুর,—নিক্ষতি দাও।

वरमन। रेनन!

শৈলজা ভাড়াভাড়ি চোখের জল মুছিয়া বালা জোড়াট ছাতে লইয়া উঠিল।

শৈল। তুমি কী সদরে যাবার জক্ত প্রস্তত হয়ে এসেছো?

- রমেণ। হাা! কিন্তু মামলা লড়ার জন্ত আজ আরু সদরে যাব কিনা ভাবছি। এক তরফা হয়ে যায় যাক্। নামলামোকদমায় আর, কাজ নেই শৈল!
- শৈল। সে কি! তুমি মিথ্যের বিক্লমে লড়ছো, তুমি যদি মিথোকে মেনে নাও, তাহলে বুঝবো, সভ্যের জন্ত লড়ীই করার মত তোমার শক্তি নেই বলেই—মিথোকে তুমি মেনে নিচ্ছ।
- রমেশ। তা নয় শৈল। এতদিন মেজদার মিখ্যা মামলার বিরুদ্ধে আমি লড়াই করে এসেছি, ছেলের অর্ম্থ, তোমার গয়না, সংসারের অনটন, কোন দিকেই আমি ক্রকেপ করিনি। কিছু আজ তোমার নিয়তি পাওয়ার প্রার্থনা আমার মনকে দমিয়ে দিয়েছে। কাজ নেই শৈল। আমরা বাড়ী ঘর ছেড়ে গাছতলায় খাকব, মোট বয়ে খাবো। তরু জেল করে আরু মামলালড়ব না।
- লৈব। (বালা হ'গাছি রমেশকে দিয়া) এই শেষ সম্বল দিয়ে, শেষ চেটা তোমাকে করতেই হবে। যাত্রা করে যথন বেরিয়েছো—পেছুলে চল্বে না—এই নাও।

এক প্রকার জোর করিয়া বালা ছ'গাছি রমেন্ট্রের হাতে দিশ্বন্ধ ইতিমধ্যে হরলাক ব্যস্তমনতভাবে গিরীশকে সক্ষেল্টেয়া প্রবেশ কারল।

হর। আহ্বন, আহ্বন বড়বাবু, ছোটবাবু এই ঘরে---

ক্রিরীশকে দেখিয়া শৈলজা বোম্টা টানিয়া দিল। রমেশ সলজ্জে রিরীশের

মুথের পানে একবার চাহিল ও পরে প্রণাম করিল।

গিরীশ। বলি, কাগজপত্র নিয়ে যাওয়া হচ্ছে কোথায় ? রমেশ। জেলায়—

গিরীশ। ও! মামলার দিন আছে বৃঝি ? (রমেশ নিফত্তর) কী ?
কথা কচ্চিদ্ না যে ? জবাব দে—হতভাগা লন্ধীছাড়া, তৃষি
আমারই থাবে-পরবে, আর আমারই দক্ষে মামলা লড়বে ?
তোমাকে একদিকি প্রদারত বিষয় দেব না। দ্র হ—আমার
বাড়ী থেকে এক্দি দ্র হ—এক মিনিটও দেরী নয়—এক কাপড়ে
বেরিয়ে যাও—

শৈলজা দূর হইতে গলায় আঁচল দিয়া প্রণাম করিল।

এনো এনো, মা এনো। একি। হাতে কেবল ত্'গাছা শাঁখা দেখছি! গ্রনাগুলো গেল কোথায়? হতভাগা—বৌমাকে তুমি শাঁখা সার করিয়েছো? বল্—বৌমার গ্রনা নিয়ে কী করেছিস্,? কোথায় রেখেছিস গ্রনা?

রমেশ কোন লবাব দিল না। তাহার হাতের বালা হ'গাছি দেখিলা বৌমার গহনা তোর হাতে কেন্দ্র্ ও ব্রেছি এই সব নিম্নে ব্রি মামলা লড়তে যাচ্ছ? ভাগিয়ে বিয়ের ব্যাপারে দেশে এসেছিলাম, তাই তো—নইলে আমার মা লক্ষ্মীকে ওে। একেবারে পথে বসাতিস্ হতভাগা শুঁয়োর! নুসর্বাধ্ব বেচে উড়িয়ে দিটিছ্স্? গহনা কার প্রথমামার : সামি তোমাকে জেলে দিয়ে ছাড়বো তা জানো।

ইতিমধ্যে কানাই ও পটল আসিরা গিরীশকে জড়াইরা ধরিল। আদর করিরা পটলকে কোলে তুলিরা লইরা

ওরে আমার পটন মাণিক।

একবার পটল একবার কানাইয়ের দিকে চাহিরা কহিলেন।

হায়, হায়, হায় ! ছেলেপুলেগুলো না খেতে পেয়ে একেবারে ককাল
সাক্রয়ে গিয়েছে ! ছেলেপুলেগুলোকে মেরে ফেলে তুমি মামলা
চালাচ্ছো ? কবে তোর মামলার দিন আছে ? বল্—চুপ করে
রইলি যে—

রমেশ। (সভয়ে) কাল-

গিরীশ। কাল। তবে আজ যাচ্ছিলি কোথায় ? (রমেশ নিকন্তর ব্বেছি। তদ্বির করার জন্তে ? হঁ! এখনো সময় আছে—তোর মামলার রায় আমি এক্নি এখানে দিয়ে । হবলাল—
এখুনি একবার বিনোদ ঠাকুরদাকে ভাক ? তাঁর সামনে আমি

সমস্ত বিষয় বৌমার নামে দানপত্তর করে দিয়ে তবে যাব।

হর। আমি এক্নি বাচ্ছি বড়বার্। এক্নি বাচ্ছি— বড়ভাবে প্রধান
বিরীশ। বৌমা! তুমি দব গোছগাছ করে নাও মা। বিনোদ
ঠাকুরদাকে ডাকতে পাঠিরেছি, আজ রাত্রে লেখাপড়াটা দেরে, কাল
সকালে দলীল রেজিট্রী করে দিয়েই তোমাদের দকলকে নিয়ে বাবো।
হতভাগা বেডে চায়—বাচ্ছা, না হয় ওর বা ইচ্ছে তাই করুক,
মোটকথা, তোমাদের আত্র এখানে এভাবে ফেলে রাখতে পারবো
না। নাও মা, দব গোছগাছ করে রাখ—

পটল গিরীশের চিবুকে হাত দিরা কহিল।

পটন। আমিও যাব জেঠু-

নিষ্টিক বিষয়ে, যাবে, তোমরা স্বাই বাঁবে—নইলে তোমার জেঠিমার
শৃষ্ণ বিছানা পূর্ণ হবে কি করে ? নাও মা! তৈরী হয়ে নাও।
একদিন যেমন তোমায় দোনা দিয়ে আশীর্বাদ করে ঘরে
তুলৈ নিয়ে গিয়েছিলাম—তেমনি আব্দু আবার ভূমি দান করে
আশীর্বাদ করে তোমায় নিয়ে যাচ্ছি। এই যে আমার লক্ষ্মী
লাভ মা! লক্ষ্মী লাভ!

거28기 중에

গিরীপের কলিকাতার বাড়ী। ডুইং রুম। হরিশ উকিলের সাক্ষসজ্ঞায় সভাশভাবে বসিয়া আছেন। নরনভারা ভাহার পাখে
দাডাইয়া ভাহাকে সাস্তনা দিভেছিলেন।

নয়ন। পুরুষমান্ত্র ! অতো মুস্ডে পড়লে কী আর চলে ?

হরিশ। হঁ! আমা. এখনো মাথা ঘুর্ছে, এ অপমান আমি কিছুতেই সহু করতে পাচ্ছি না।

নয়ন। আমি বল্ছি এরকম করে মনমর। হয়ে না থেকে, আপীল করো—
দেখবে, আপীলে আমরা ঠিক জিত্বো। মোকদমায় হার জিত্তো আছেই।

সিজেবরীর প্রবেশ। তাহাকে দেখিরা নরনভারা কহিলেন।

निनि **७८नट्यः — आभार**नद मर्कनान इरश्रह !

निष्क। की श्ला?

নম্মন। মোকলমায় আমাদের হার হয়েছে !

मिष्द्र। शत्र श्ला!

নরন। এর পরে আমরা সমাজে মুখ দেখাবো কী করে? তোমার

দেওর ডো মুদ্রালাড়েছেন কভ কার বলছি—হাইকোর্টে আপীন করো, হাইকোর্টে হার হয়, আমরা বিলেত প্রয়ন্ত যাবো—এর জন্তে মন-মরা হয়ে ধাকলে চলবে কেন গ

সিলে। আমি বল্ছি—মেজসাক্বপো। তোমাদের হার হবে না। যত টাকা লাগে—আমি দেবো। তুমি হাইকোট কর, তুমি জিত্বেই— আমি আশীকাদ কবছি।

হারশ। (দীর্ঘনিংখাস ফেলিয়া) কিন্তু সে উপায় আব নেই বৌঠান গ সব নেয় সে গিয়েছে। হাইকোটই বলো আর বিলেডই বলে: কোথাও আর রাস্তা নেই। বিষয় সমস্তই ত দানার নামে থবিদ ছিল, বিয়ের নেমস্তর রক্ষা কর্ত্তে দেশে গ্রিয়, ভিনি সক্ষপ ছোটবৌমার নামে দানপত্তন করে দিয়ে এট্লছেন। দেশের দিকে মুথ ফেরাবারও আর আমাদের উপায় রইল না।

শিবীশ প্রবেশ করিলেন

গিবীশ। এই যে হ্রিশ, রমেশের ব্যাপার ভনেছো?

সিজে। ব্যাপার আর কী ওনবে ? তুমি যা সর্কানাশ করেছে। ? ইনারে আর—

গিরীশ। হ' দর্বনাশ আবার কী কবেছি গ

নিদ্ধে। করনি প দেশেব বিষয়-আশয় কেন তুমি ওদেব নামে দানশত্তর করে দিয়ে এলে পূ

গিরীশ। কেন দিয়ে এলাম ? দেখতে চাও ? দেখবে ভবে ? ছোট বৌমা! একবার এই দিকে এলো ভোমা!

मिलका बीटर बीटर बैटरर मध्या कार्यन कविटलन।

'मिर्देश । अ कि रेनन!

কানাই ও পটল জীর্ণদীর্ণ দেহ লইয়া প্রবেশ করিল। তাহাদের অবস্থা দেখিরা সিক্ষেমী ঝাকুলভাবে কোলের কাছে টানিয়া লইয়া বলিলেন।

সিদ্ধে। কে এদের এই অবস্থা করলে?

44

গিবীশ। কে আবার ? সেই হতভাগাটা। তাই সবদিক বিবেচন, করেই তো ভরাভূবি চাটুজ্যে বংশকে মামলার দায় থেকে নিকৃতি দিয়ে এলাম বড়বৌ।

র্বসিন্ধে। ওগো! তুমি বেশ করেছো। বেশ করেছো। ওগো! তুমি বে স্বাইয়ের চাইতে কত বড়, তা আজ থেমন ব্রকাম, তেমন আর কোনদিন বৃশকোমারিনি।

গিরীশ ! দেখলে তো বড় বৌ ! আমার দব দিকে নজর থাকে কঁ
না ? কালকের ছোঁড়া রমেশ, সে কিনা আমার চোথে ধূলো দিয়ে—
আমার এত কটের বিষয় নট করে দেবে ? তাই আমি এমনি
কাম্বনায় বেঁথে দিয়ে এলাম বড়বৌ ! যে দেখানে আর
বাচাধনের চালাকীটি চলবে না—চালাকীটি চলবে না—

গিরীলের কথার মাথে ধীরে ধীরে ব্যবিকা নামিতে থাকে।

শুস্দাস চটোশাখার ঐ্ট্র সল-এর পক্ষে প্রকাশক ও মুব্রাকর—শ্বীগোলিবগদ ভটাচার্য্য, ভারতবর্ব থিন্টিং ভরার্কস্ ২০খাসত, কর্ণপ্রবাহিন্দ্ ট্রাট, ক্যাকাতা—»